



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর -০১

নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প



জুন, ২০২০

সূচিপত্র

	পৃষ্ঠা নং
নির্বাহী সার-সংক্ষেপ	i
Acronyms.....	iii
Glossary.....	iv
প্রথম অধ্যায় প্রকল্পের বিস্তারিত বর্ণনা	০১
ক. পটভূমি.....	১
খ. উদ্দেশ্য.....	১
গ. অনুমোদন/সংশোধন/মেয়াদ বৃদ্ধি	২
ঘ. অর্থায়নের অবস্থা	৩
ঙ. প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	৩
চ. অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা	৪
ছ. প্রকল্পের কর্ম-পরিকল্পনা ও ক্রয়-পরিকল্পনা	৫
জ. লগ-ফ্রেম	১৬
ঝ. টেকসইকরণ পরিকল্পনা	১৭
দ্বিতীয় অধ্যায় নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময়ভিত্তিক পরিকল্পনা	১৯
ক. এলাকা নির্বাচন.....	২০
খ. নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ.....	২১
গ. তথ্য সংগ্রহ, প্রক্রিয়া ও বিশ্লেষণ পরিকল্পনা.....	২২
ঘ. সময়ভিত্তিক কর্মপরিকল্পনা.....	২৭
তৃতীয় অধ্যায় ফলাফল পর্যালোচনা	২৯
ক. প্রকল্পের অগ্রগতি	২৯
খ. ক্রয় কার্যক্রম	৩৭
গ. উদ্দেশ্য অর্জন	৪৪
ঘ. প্রকল্প ব্যবস্থাপনা	৪৬
চতুর্থ অধ্যায় প্রকল্পের সবল ও দুর্বল দিক পর্যালোচনা	৪৯
পঞ্চম অধ্যায় পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ	৫১
ষষ্ঠ অধ্যায় উপসংহার ও সুপারিশ	৫৩
পরিশিষ্ট	
প্রশমালা	৫৭
তথ্যদাতার তালিকা	৬৭

নির্বাহী সার সংক্ষেপ

বাংলাদেশের প্রেক্ষিতে সার্কিট হাউজ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সরকারি স্থাপনা। কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় সরকারি সফরে আগত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিদের প্রটোকল ব্যবস্থাপনায় সার্কিট হাউজে বিদ্যমান সীমাবদ্ধতা দূরীকরণের জন্য ‘বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প’ শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। এই প্রকল্পের আওতায় যাচাই বাছাই করে ৩৭টি জেলার বিদ্যমান সার্কিট হাউজকে উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য নির্বাচন করা হয়েছে। একনেক অনুমোদিত এ প্রকল্পটি ১৭০.৫৬ কোটি টাকা জিওবি অর্থায়নে জুলাই, ২০১৮ হতে জুন, ২০২০ মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের প্রধান প্রধান কাজগুলো হচ্ছে সুপার-স্ট্রীকচার নির্মাণ, অভ্যন্তরীণ ও বহিঃস্থ বিদ্যুতায়ন, অভ্যন্তরীণ এবং বহিঃস্থ পানি সরবরাহ, আসবাবপত্র এবং আরবরিকালচারের কাজ।

২০১৯-২০২০ অর্থ বছরে উক্ত প্রকল্পটি নিবিড় পরিবীক্ষণের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১ কর্তৃক পরামর্শক ফর্ম নিয়োগ দেয়া হয়। প্রকল্পের জনবল ও সম্ভাব্য সকল সুবিধাভোগীদের অংশগ্রহণে প্রকল্পটিকে সার্বিকভাবে পরিবীক্ষণ করা এ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার মূল উদ্দেশ্য। সমীক্ষালব্ধ সুপারিশ প্রকল্পের কার্যকর বাস্তবায়নে এবং প্রকল্পটিকে আরও ফলপ্রসূ করতে সহায়ক হবে।

নিবিড় পরিবীক্ষণ কাজ প্রধানত মাঠ পর্যায়ে ভৌতকাজ পরিদর্শনের উপর ভিত্তি করে পরিচালিত হয়েছে। পরিদর্শনের সময় নির্মাণ কাজের গুণগতমান, ব্যবহৃত মালামালের মান পরীক্ষা করে দেখা হয়েছে। এছাড়া বিভিন্ন গুণগত পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে প্রকল্পের সবলতা, দুর্বলতা, সুযোগ, ঝুঁকি নির্ণয় করা হয়েছে। তথ্য সংগ্রহের ক্ষেত্রে প্রকল্পের সাথে জড়িত বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিবিড় সাক্ষাৎকার (কেআইআই) গ্রহণ, দলীয় আলোচনা বা ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজিডি) এবং স্থানীয় পর্যায়ে কর্মশালা আয়োজন করা হয়েছে।

প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনা করে দেখা যায় যে, মার্চ, ২০২০ পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪০.১৬% এবং ভৌত অগ্রগতি ৭৯%। ৩টি জেলায় সার্কিট হাউজের ভিত্তি উর্ধ্বমুখী সম্প্রসারণের উপযুক্ত না হওয়ায় সেখানে কাজ করা যাচ্ছে না। জেলা ৩টি হল শরীয়তপুর, পিরোজপুর ও হবিগঞ্জ। ১টি জেলায় কাজের অগ্রগতি ৫৮%। শতকরা ৬০-৬৯ ভাগ কাজ হয়েছে ১৪টি জেলায়, ৭০-৭৯ ভাগ কাজ হয়েছে ১০টি জেলায় এবং ৯টি জেলায় কাজ হয়েছে শতকরা ৮০ ভাগের উপরে।

পরিদর্শনকৃত সাইটসমূহের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে পূর্তকাজের সবগুলোর ক্ষেত্রেই দরপত্র আহ্বান করতে ডিপিপিতে উল্লেখিত সময় সীমার বেশি সময় লেগেছে এবং আসবাবপত্র ক্রয় অদ্যাবধি প্রক্রিয়াধীন আছে। ১১টির ভেতর মাত্র ২টি ক্ষেত্রে নির্ধারিত সময়ের ভেতর চুক্তি সম্পাদন করা সম্ভব হয়েছে এবং ৩টি ক্ষেত্রে চুক্তির সময়সীমা ডিপিপির সময়সীমার মধ্যে ছিল। কার্য সম্পন্ন করতে প্রতিটি ক্ষেত্রেই চুক্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের চেয়ে অধিক সময় লাগছে। মার্চ, ২০২০ পর্যন্ত কোথাও পূর্ত কাজ সম্পন্ন হয়নি। ভিআইপি মেহমানদের অবস্থান ও অতিবৃষ্টিতে কাজ বন্ধ থাকা বিলম্বের প্রধান কারণ হিসেবে চিহ্নিত হয়েছে। প্রতিটি ক্ষেত্রেই ডিপিপি অনুসারে ওটিএম পদ্ধতিতে পূর্তকাজের টেন্ডার করা হয়েছে। কেইস

স্টাডি হিসেবে দুটি প্যাকেজের প্রকিউরমেন্ট প্রক্রিয়া গভীরভাবে পর্যবেক্ষণ করে দেখা যায় যে, দরপত্র মূল্যায়ন করতে নির্ধারিত ৩০ দিন অপেক্ষা অধিক সময় লেগেছে।

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা বিশ্লেষণ করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় নতুন আরও ২৫৬টি কক্ষ নির্মাণ হচ্ছে। ফলে প্রতিটি সার্কিট হাউজের অতিথি ধারণ ক্ষমতা শতভাগ বৃদ্ধি পাবে। এছাড়া আধুনিক আসবাবপত্র ও সুযোগ-সুবিধা সম্বলিত সভাকক্ষ যোগ হওয়ায় সেবার মান বৃদ্ধি পাবে।

প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহ পরিদর্শন কালে জানা যায় যে, সিরাজগঞ্জ ও নারায়ণগঞ্জে পূর্বের কাঠামো দুর্বল থাকায় বেশ সতর্কতার সাথে উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ করতে হয়েছে। কয়েকটি স্থানে চিলেকোঠার পাশে স্টোররুম করা হয়নি, ছাদের প্যারাপেটের উচ্চতা প্রয়োজনের তুলনায় কম, ওভারহেড ট্যাঙ্কের উচ্চতা কম, জলছাদের গ্রাউটিং-এর ফিনিশিং কাজে ত্রুটি আছে, পয়ঃনিষ্কাশনের একজস্ট পাইপের উচ্চতা কম। এছাড়া নতুন লাগানো বিদেশী স্যানিটারী ফিটিংসের কাজে দক্ষ স্থানীয় মিস্ট্রির দুস্প্রাপ্যতা আছে। এতে ভবিষ্যতে সেগুলো রক্ষণাবেক্ষণে সমস্যার সম্মুখীন হওয়ার সম্ভাবনা আছে।

প্রকল্পের দুর্বল দিকগুলো হলো পিআইসি ও পিএসসি কমিটির সভা অনুষ্ঠিত না হওয়া, প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন যথাযথ ছক অনুসরণ করে তৈরী না করা, প্রকল্প প্রণয়নের সময় ভবনের টাইপ ও ফাউন্ডেশন সঠিকভাবে যাচাই না করা, নির্মাণ কাজে চুক্তির অতিরিক্ত সময় প্রয়োজন হওয়া, দরপত্র মূল্যায়নে বিলম্ব হওয়া, শ্রমিকদের সুরক্ষা ব্যবস্থায় ত্রুটি থাকা ইত্যাদি।

বিদ্যমান সরকারি ভূমির সর্বোচ্চ ব্যবহার, প্রকল্প পরিচালক পরিবর্তন না হওয়া, ডিপিপি'র প্রাঙ্কলিত ব্যয়ের ভেতর চুক্তিমূল্য সীমাবদ্ধ থাকা, স্থানীয় পর্যায়ে মনিটরিং কমিটি কর্তৃক নিয়মিত তদারকি, ই-জিপি পদ্ধতিতে প্রকিউরমেন্ট ইত্যাদি প্রকল্পের সবল দিক।

প্রকল্পটি সঠিকভাবে বাস্তবায়নের জন্য ভবনের ওভারহেড ট্যাঙ্কগুলোর সাথে পানির চাপবর্ধক বুস্টার পাম্প সংযোজন করা, ছাদের একজস্ট পাইপের উচ্চতা কমপক্ষে ৭ ফিটে উন্নীত করা, জলছাদের গ্রাউটিং-এর ফিনিশিং-এর ত্রুটি মেরামত করা, ছাদের প্যারাপেটের উচ্চতা কমপক্ষে ৩০ ইঞ্চি বা ৭৬ সেন্টিমিটারে উন্নীত করা, বিদেশী স্যানিটারী ফিটিংসগুলো যাতে প্রয়োজনের সময় দ্রুত মেরামত করা যায় সেজন্য দক্ষ মিস্ট্রির ব্যবস্থা রাখা, আয়রনের কারণে যাতে স্যানিটারী ফিটিংসগুলো নষ্ট না হয়ে যায় সেজন্য সামগ্রিক ভাবে আয়রন ফিল্ট্রেশন সিস্টেমের ব্যবস্থা করা, লন্ড্রি ও সাইবার সেবা চালু করা এবং পর্যাপ্ত দক্ষ জনবল নিয়োগ দেয়া যেতে পারে। এছাড়া ভূমিকম্প ও অগ্নি দুর্ঘটনা মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও নির্ধারিত মেয়াদে প্রকল্পের কাজ সম্পাদনের বিষয়ে যথাযথ দিক নির্দেশনার জন্য পিআইসি ও পিএসসি কমিটির সভা জরুরী ভিত্তিতে আয়োজনের সুপারিশ করা হল।

Acronyms

English	বাংলা	পূর্ণরূপ
AC	এসি	Air Cooler
ACV		Aggregate Crushing Value
ADP	এডিপি	Annual Development Program
BoQ	বিওকিউ	Bill of Quantity
BUET	বুয়েট	Bangladesh University of Engineering and Technology
COVID	কোভিড	Corona Virus Disease
CPTU	সিপিটিইউ	Central Procurement Technical Unit
CS		Compressive Strength
CUET	চুয়েট	Chittagong University of Engineering and Technology
DC	ডিসি	Deputy Commissioner
DM	ডিএম	District Magistrate
DOFP	ডিওএফপি	Delegation of Financial Power
DPP	ডিপিপি	Development Project Proposal/Proforma
ECNEC	একনেক	Executive Committee of the National Economic Council
EE	নি প্র	Executive Engineer
E-GP	ই-জিপি	Electronic Government Procurement
FGD	এফজিডি	Focus Group Discussion
FM	এফএম	Fineness Modulus
FST		Final Setting Time
GOB	জিওবি	Government of Bangladesh
IST		Initial Setting Time
KII	কেআইআই	Key Informant Interview
LAA		Los Angeles Abrasion
OTM	ওটিএম	Open Tendering Method
LTM	এলটিএম	Limited Tendering Method
MPa		Mega Pascal
MS	এম এস	Mild Steel
PD	পিডি	Project Director
PPA	পিপিএ	Public Procurement Act
PPR	পিপিআর	Public Procurement Rules
PVC	পিভিসি	Polyvinyl Chloride
PWD		Public Works Department
RCC	আরসিসি	Reinforced Cement Concrete
RDPP	আরডিপিপি	Revised DPP
RUET	বুয়েট	Rajshahi University of Engineering and Technology
SDE	এসডিই	Sub-Divisional Engineer
SE	এস ই	Superintending Engineer
SS	এস এস	Stainless Steel
ToR		Terms of Reference
TPP	টিপিপি	Technical Assistance Project Proforma
VIP	ভিআইপি	Very Important Person

Glossary

Arboriculture	Gardening of trees, shrubs, and woody plants for shading and decorating.
Beam:	A structural member, usually horizontal, to support a floor or roof slab. The load on a slab is carried by the beam. A beam is usually made of Timber, steel and reinforced concrete.
Brick Work:	Masonry work with bricks.
Cast in Situ	Cast at site
Cement Concrete:	A concrete made of cement, sand and stone chips or khowa (brick ballasts) with adequate quantum of water.
Column:	A post or a vertical member in a structure.
Compressive Strength:	The strength of a material to withstand the compressive force acted on it.
Foundation:	The sub-structure or the part of a structure built underground for transfer of load to soil and to hold the structure.
Grouting	Grout is a dense fluid which is used to fill gaps or used as reinforcement in existing structures.
In-Situ Concrete:	Concrete mix prepared and cast at site.
In-Situ:	Fabricated or cast at site.
Mosaic:	A course or layer made of colored stone chips of small size laid in cement.
MS/Mild Steel:	Basically it is an alloy of iron having low carbon content which makes it ductile.
Parapet	A low protective wall along the edge of a roof, bridge, or balcony.
Plinth Level:	The ground floor level.
Porch:	A cantilever hood without any prop at the free end, provided at the entrance to a building.
Precast Concrete:	Concrete blocks, slabs, posts, lintels and parts of a concrete frame, which are precast and cured in a factory.
Process Server:	Court staff who manually delivers court processes to addresses of defendants.
Reinforced Concrete:	A concrete which is reinforced with mild steel rods or wire mesh. In a reinforced concrete member, concrete takes compression and reinforcement steel is in tension. Reinforced concrete is extensively used in Civil Engineering constructions.
Slab	A large, thick, flat piece of stone or concrete, typically square or rectangular in shape.
Stakeholder	Any person, organization, social group, or society at large that has a stake in the project.
Super Structure:	The part of a structure above ground.

প্রথম অধ্যায়ঃ প্রকল্পের বিস্তারিত বর্ণনা

বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ সকল এডিপিভুক্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি ২০০৪ সাল থেকে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে সীমিত সংখ্যক প্রকল্প নিবিড় পরিবীক্ষণ করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০১৯-২০ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় এডিপিভুক্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতায় গণপূর্ত অধিদপ্তর অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প” শীর্ষক প্রকল্প নিবিড় পরিবীক্ষণের জন্য “ইন্টিগ্রেটেড কনসালট্যান্সি কোম্পানী’কে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। চুক্তিতে উল্লেখিত কর্মপরিধি মোতাবেক পরামর্শক ফার্ম কর্তৃক নিবিড় পরিবীক্ষণের কার্যক্রম পরিচালিত হয়েছে।

(ক) পটভূমি

বাংলাদেশের প্রতিটি জেলাতে জেলা প্রশাসকের কার্যালয়ের আওতায় ন্যূনতম ১টি করে ২/৩ তলা বিশিষ্ট সার্কিট হাউজ রয়েছে যা বিভিন্ন সরকারী কাজে ব্যবহৃত হচ্ছে। মাননীয় মন্ত্রী, সংসদ সদস্য ও সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাদের সরকারি সফরে রাত্রিযাপন ও বিভিন্ন গুরুত্বপূর্ণ সভা এখানে আয়োজন করা হয়ে থাকে। সার্কিট হাউজগুলো যে সময়ের প্রেক্ষিতে নির্মাণ করা হয়েছিল তার তুলনায় বর্তমানে সংসদ আসন ও সরকারী কর্মকর্তাদের সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। তাছাড়া দিন দিন দেশে কাজের পরিধি বেড়ে যাওয়ায় বর্তমানে বেশীরভাগ সার্কিট হাউজগুলোতেই পর্যাপ্ত স্থান সংকুলান হচ্ছে না। মাননীয় মন্ত্রী, সংসদ সদস্য ও সরকারী উচ্চ পদস্থ কর্মকর্তাদের সরকারি সফরে এসে বিভিন্ন বেসরকারী হোটেলে নিরাপত্তাহীনতার সাথে রাত্রিযাপন করতে হচ্ছে। এমতাবস্থায় নতুন সার্কিট হাউজ নির্মাণ করা অত্যন্ত জরুরী। গণপূর্ত অধিদপ্তরের নথিতে দেখা যায় বিদ্যমান সার্কিট হাউজ ভবনগুলোর বেশীরভাগই ৩ তলা ভিত বিশিষ্ট। সে ক্ষেত্রে প্রতিটি ভবনকেই কমপক্ষে ১ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ করা সম্ভব। এমতাবস্থায় বিদ্যমান সার্কিট হাউজগুলোর মধ্য হতে যাচাই বাছাই করে উপযুক্ত ৩৭টি ভবনকে উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য নির্বাচন করা হয়।

(খ) উদ্দেশ্য

সরকারি সফরে আসা বিশিষ্ট অতিথিদের বিভিন্ন বেসরকারী হোটেলে নিরাপত্তাহীনতার সাথে রাত্রিযাপন না করে সুষ্ঠু নিরাপত্তার সহিত সার্কিট হাউজে অবস্থান করা নিশ্চিত করা।

(গ) অনুমোদন/সংশোধন/মেয়াদ বৃদ্ধি

মন্ত্রিপরিষদ বিভাগের টাস্কফোর্স কমিটির সভায় দপ্তর স্মারক নং-৫৪(৪৯), তারিখ- ২৭/০২/১৭ ইং মোতাবেক ৩১টি জেলার সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণের প্রস্তাব অনুমোদিত হয়। পরবর্তীতে পরিকল্পনা কোষ-৩, জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-৮০ ও ৮২র ভিত্তিতে অনুমোদিত জেলার সংখ্যা হয় ৩৩। সর্বশেষ অনুরোধের ভিত্তিতে বর্তমানে উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য অনুমোদিত জেলার সংখ্যা ৩৯টি। পরবর্তীতে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এর সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটির সভায় ৩৯টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করার অনুরোধ করা হয়। ৩৯টি জেলা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী লক্ষীপুর ও নড়াইল জেলার সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণের জন্য প্রয়োজনীয় ভিত্তি না থাকায় বর্তমান ডিপিপি টি ৩৭টি জেলার জন্য পুনর্গঠন করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পে টাইপ-১= $\{(22 \times 8) + (1 \times 16)\} = 192$ ও টাইপ-২= $(18 \times 6) = 108$, সর্বমোট ২৭৬টি নতুন অতিথি কক্ষ নির্মিত হবে। এতে প্রাক্কলিত ব্যয় ধরা হয় ১৭০৫৬.২৯ লক্ষ টাকা। প্রকল্পটি ২৬ জুলাই, ২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়।

প্রকল্পটির ডিপিপি অধ্যাবধি সংশোধন করা হয়নি। ব্যয় ও বাস্তবায়নকালের সময় পরিবর্তন হয়নি। নিম্নের সারণী-২ এ বিস্তারিত দেয়া হলো:

সারণী ২: প্রাক্কলিত ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত

(লক্ষ টাকা)

প্রকল্প পর্যায়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	সময় মাস	একনেক কর্তৃক অনুমোদনের তারিখ	পরিবর্তন	
	মোট প্রাক্কলিত ব্যয়	জিওবি	প্রকল্প সাহায্য	অন্যান্য				ব্যয় (%)	মেয়াদ (%)
মূল প্রকল্প	১৭০৫৬.২৯	১৭০৫৬.২৯	০.০০	০.০০	জুলাই, ২০১৮ হতে জুন, ২০২০	২৪	২৬-০৭-২০১৮	-	-
মোট	১৭০৫৬.২৯	১৭০৫৬.২৯	০.০০	০.০০	জুলাই, ২০১৮ হতে জুন, ২০২০	২৪	২৬-০৭-২০১৮	-	-
								(-)	(-)

(ঘ) অর্থায়নের অবস্থা

বছর-ওয়ারী ডিপিপি'তে অর্থ সংস্থান, প্রকৃত বরাদ্দ ও বরাদ্দের অনুকূলে ব্যয় নিম্নরূপঃ

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	প্রকৃত বরাদ্দ (%)	প্রকৃত ব্যয় (%)
২০১৮-১৯	৭৩৫৯.৫৮	৫৫৫০.০০ (৭৫.৪১%)	৪৬১৭.৮৭ (৮৩.২০%)
২০১৯-২০	৯৬৯৬.৭২	৪৫৭৬.৫০ (৪৭.২০%)	২২২৭.৯০ (৪৮.৬৮%)
মোট	১৭০৫৬.৩০	১০১২৬.৫০	৬৮৪৫.৭৭

(ঙ) প্রধান প্রধান কাজসমূহ

- মাটি পরীক্ষা;
- ভবন নির্মাণ (সুপার-স্ট্রাকচার, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, অভ্যন্তরীণ এবং বহিঃস্থ পানি সরবরাহ ও আসবাবপত্র এবং আরবরিকালচার);
- বহিঃস্থ বিদ্যুতায়ন।

(চ) অজ্ঞাভিত্তিক লক্ষমাত্রা

ক্র. নং	ক্র. নং	ইকনমিক সাবকোডের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তবায়ন পরিকল্পনা				
			ট. ট.	ট. ট.	পরিমাণ	মোট ব্যয়	ওজন (Weight)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
(ক) রাজস্বঃ							
০০৭৪	৪৮৮৫	মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে			থোক	৫.০০	০.০৩
		মান নিশ্চিতকরণ, কাঁচামালের নমুনা সংগ্রহ ও পরীক্ষা, ইত্যাদি			থোক	১১১.০০	০.৬৫
	৪৮২৮	স্টেশনারী, স্টাম্প, সীল ইত্যাদি			থোক	৫৫.৫০	০.৩৩
	৪৮৯৯	কাঠামোগত নকশা			থোক	৩.০০	০.০১৮
		আর্কিটেকচারাল নকশা ও ৩ডি মডেল			থোক	৭.৫০	০.০৪৪
		বৈদ্যুতিক নকশা (ফায়ার প্রটেকশন ও ডিটেকশনের জন্য লে-আউট ডিজাইন সহ)			থোক	৩.০০	০.০১৮
		প্লাস্টিং নকশা			থোক	২.০০	০.০১২
	৪৮৯৯	টেন্ডার ডকুমেন্ট			থোক	১৮.৫০	০.১০৮
	৪৮৩৩	বিজ্ঞাপন			থোক	৫৫.০০	০.৩২৫
	৪৮৮৩	সম্মানি (বিভিন্ন কমিটি সদস্যদের জন্য)			থোক	১২.০০	০.০৭০
উপ-মোট (রাজস্ব)						২৭৩.০০	১.৬০
(খ) মূলধনঃ							
০০০৬	৭০১১	৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, পরিবর্তন ও পরিবর্ধন সহ)	বঃ		২৩২৪৪	১০৮৩০.৯৬	৬৩.৫০
			মিঃ				
	৭০৪৬	বহিঃস্থ স্যানিটেশন ও পানি সরবরাহ			থোক	১৪৯০.২২	৮.৭৪
	৭০৫৬	বহিঃস্থ বিদ্যুতায়ন			থোক	২৫১৬.০০	১৪.৭৫
০০৭৬		আরবরিকালচার			থোক	১১১.০০	০.৬৫
		আসবাবপত্র (সার্কিট হাউজ ও পিডি অফিসের জন্য) ও জিম সরঞ্জাম			থোক	১১৭৯.১০	৬.৯১৩
উপ-মোট (মূলধন) =						১৬১২৭.২৮	৯৪.৫৫
মোট =						১৬৪০০.২৮	৯৬.১৫
০০০৬		ফিজিক্যাল কনটিনজেন্সি ২%				৩২৮.০১	১.৯২
		প্রাইস কনটিনজেন্সি ২%				৩২৮.০১	১.৯২
সর্বমোট=						১৭০৫৬.৩০	১০০.০০

(ছে) প্রকল্পের কর্ম-পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা

প্রকল্পের কর্ম-পরিকল্পনা: প্রকল্পের কর্ম-পরিকল্পনা নিয়ে দেয়া হলঃ

বহরভিত্তিক আর্থিক ও বাস্তব পরিকল্পনা

প্রকল্পের নাম	:	বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প
বাস্তবায়নকারী সংস্থা/বিভাগ/মন্ত্রণালয়	:	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

ক্রমিক সংখ্যা	ইকনমিক সাবকোডের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তবায়ন পরিকল্পনা						বহর-১ (২০১৮-১৯ অর্থ বছর)			বহর-২ (২০১৯-২০ অর্থ বছর)		
		টাকা	টাকা	পরিমাণ	মোট ব্যয়	ওজন (Weight)	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	বাস্তব অঙ্কের শতকরা হার	প্রকল্পের শতকরা হার	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	বাস্তব অঙ্কের শতকরা হার	প্রকল্পের শতকরা হার	
০১		(৩)	(৪)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	
০২													
০৩	মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে			থোক	৫.০০	০.০৩	৫.০০	১০০.০০	০.০৩	০.০০	০.০০	০.০০	
০৪	মান নিশ্চিতকরণ, কাঁচামালের নমুনা সংগ্রহ ও পরীক্ষা, ইত্যাদি			থোক	১১১.০০	০.৬৫	৫৫.৫০	৫০.০০	০.৩৩	৫৫.৫০	৫০.০০	০.৩৩	
০৫	স্টেশনারী, স্টাম্প, সীল ইত্যাদি			থোক	৫৫.৫০	০.৩৩	২৭.৭৫	৫০.০০	০.১৬	২৭.৮৫	৫০.০০	০.১৬	
০৬	কাঠামোগত নকশা			থোক	৩.০০	০.০১	১.৫০		০.০১	১.৫০	৫০.০০	০.০১	
০৭	আর্কিটেকচারাল নকশা ও ৩ডি মডেল			থোক	৭.৫০	০.০৪	৩.৭৫	৫০.০০	০.০২	৩.৭৫	৫০.০০	০.০২	
০৮	বৈদ্যুতিক নকশা (ফায়ার প্রটেকশন ও ডিটেকশনের জন্য			থোক	৩.০০	০.০১	১.৫০	৫০.০০	০.০১	১.৫০	৫০.০০	০.০১	

ক্র.সং.	ইকনমিক সাবসেক্টরের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তবায়ন পরিকল্পনা										বছর-১ (২০১৮-১৯ অর্থ বছর)			বছর-২ (২০১৯-২০ অর্থ বছর)			
		ট	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি	টি
১	১	৩																
	লে-আউট ডিজাইন সহ)																	
	প্লাসিং নকশা																	
৪৪	৪৪	৪৪																
১৯	১৯	১৯																
৪৮	৪৮	৪৮																
৩৩	৩৩	৩৩																
৪৪	৪৪	৪৪																
৮৩	৮৩	৮৩																
	উপ-মোট (রাজস্ব)																	
	৪৬ মূলধন																	
৭০	৭০	৭০																
১১	১১	১১																
	৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, পরিবর্তন ও পরিবর্ধন সহ)																	
৭০	৭০	৭০																
৪৬	৪৬	৪৬																
৭০	৭০	৭০																
৫৬	৫৬	৫৬																

ক্র.সং.	ইকনমিক সাবসেক্টরের বর্ণনা	মোট আর্থিক ও বাস্তবায়ন পরিকল্পনা										বছর-১ (২০১৮-১৯ অর্থ বছর)			বছর-২ (২০১৯-২০ অর্থ বছর)		
		ক্র.সং.	পরিমাণ	মোট ব্যয়	ওজন (Weight)	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	বাস্তব		আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	বাস্তব	আর্থিক পরিমাণ (লক্ষ টাকা)	বাস্তব					
							ক্র.সং.	প্রকল্পের শতকরা হার				ক্র.সং.	প্রকল্পের শতকরা হার				
(১)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)					
	আরবরিকালচার			১১১.০০	০.৬৫	২২.২০	২০.০০	২০.০০	৩৫.০	০৭.৭৭	০০.০৭	০.৫২					
	আসবাবপত্র (সোর্কিট হাউজ ও পিডি অফিসের জন্য) ও জিম সরঞ্জাম			১১৭৯.১০	৬.৯১৩	২৩৫.২২	০০.০০	০০.০০	৭৩.০	৯২.৩৪৯	০০.০৭	৫.৫৩					
	উপ-মোট (মূলধন) =																
	মোট =																
	বিজিক্যাল কনটিনজেন্সি ২%																
	প্রাইস কনটিনজেন্সি ২%																
	সর্বমোট=																
০০০				৩২৭.২২	১২.৯২	১৬৪.০১	৫০.০০	৫০.০০	০.৯৬	১৬৪.০১	৫০.০০	০.৯৬					
				১৬৬৫.১২	১০০.০০	৭৩৫.৯৬	৫০.০০	৫০.০০	৪৩.১৫	৯৬৯.৬৭২	৫০.০০	০.৯৬					

প্রকল্পের ক্রয় পরিকল্পনা (প্রকিউরমেন্ট প্ল্যান): প্রকিউরমেন্ট প্যাকেজ মোট ৭৭টি। এর মধ্যে ৩৯টি পণ্য সংক্রান্ত প্যাকেজ, ৩৮টি ওয়ার্কস সংক্রান্ত এবং সেবা সংক্রান্ত কোন প্যাকেজ নেই। বিস্তারিত নিম্নে দেয়া হলো: (লক্ষ টাকায়)

মন্ত্রণালয়/ ডিভিশন	: জনপ্রশাসন মন্ত্রণালয়	প্রকল্প বায়
এজেন্সি	: গণপূর্ত অধিদপ্তর	মোট : ১৭০৫৬.২৯
প্রকিউরিং এনটিটির নাম	: গণপূর্ত অধিদপ্তর	জিওবি : ১৭০৫৬.২৯
প্রকল্পের নাম	: বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প	নিজস্ব অর্থ : ০

প্যাকেজ নং	ডিপিসি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত বায় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
পণ্য (G-১)	স্টেশনারী, সীল, স্ট্যাম্প, ইত্যাদি		থোক	ডিপিএম	ডিওএফপি	জিওবি	৫৫.৫০			
পণ্য (G-২)	আসবাবপত্র (পিডি অফিসের জন্য)	সেট	১	ডিপিএম	ডিওএফপি	জিওবি	৩.০০	৪১০২-২-১০-১০	৪১০২-২-১০-১০	৪১০২-১০-১০
৩৭টি জেলায় সার্কিট হাউজের ১ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ (আসবাবপত্র ক্রয়) ও জিম সরঞ্জাম										
পণ্য (G-৩)	ফরিদপুর (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৫৫.৩০	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৪)	গাজীপুর (টাইপ-২ অনুরূপ)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৫)	কিশোরগঞ্জ (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৬)	মানিকগঞ্জ (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৭)	মুন্সীগঞ্জ (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯

প্যাকেজ নং	ডিপিসি/টিপিসি অনুযায়ী ক্রমের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)	(১৭)	(১৮)	(১৯)
পণ্য (G-৮)	নারায়ণগঞ্জ (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৯)	নরসিংদী (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১০)	রাজবাড়ী (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১১)	শরীয়তপুর (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১২)	ময়মনসিংহ (টাইপ-২ অনুরূপ)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৩)	নেত্রকোণা (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৪)	শেরপুর (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৫)	বান্দরবান (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৬)	ফেনী (টাইপ-১ অনুরূপ)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৭)	খাগড়াছড়ি (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৮)	নোয়াখালী (টাইপ-২ অনুরূপ)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-১৯)	বরিশাল (টাইপ-২ অনুরূপ)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২০)	ঝালকাঠি (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রমের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ		
								দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)
পণ্য (G-২১)	পিরোজপুর (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২২)	জয়পুরহাট (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৩)	নওগাঁ (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৪)	নাটোর (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৫)	পাবনা (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৬)	সিরাজগঞ্জ (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৭)	দিনাজপুর (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৮)	গাইবান্ধা (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-২৯)	কুড়িগ্রাম (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৩০)	লালমনিরহাট (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৩১)	নীলফামারী (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৩২)	পঞ্চগড় (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯
পণ্য (G-৩৩)	ঠাকুরগাঁও (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯

প্যাকেজ নং	ডিপিসি/টিপিসি অনুযায়ী ক্রমের জন্য প্যাকেজের বর্ণনা পণ্য	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			
								দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	
পণ্য (G-৩৪)	চুয়াডাঙ্গা (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯	
পণ্য (G-৩৫)	যশোর (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯	
পণ্য (G-৩৬)	ঝিনাইদহ (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯	
পণ্য (G-৩৭)	মেহেরপুর (টাইপ-২)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	২৮.৭৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯	
পণ্য (G-৩৮)	হবিগঞ্জ (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯	
পণ্য (G-৩৯)	সুনামগঞ্জ (টাইপ-১)	সেট	১	এলটিএম	ডিওএফপি	জিওবি	৩২.৬৫	০১-০৯-১৯	০১-১০-১৯	০১-১২-১৯	
ক্রয়কৃত পণ্যের মোট মূল্য							১২৩৪.৬০				

উন্নয়ন প্রকল্প/ কার্যক্রমের জন্য মোট ক্রয় পরিকল্পনা

মন্ত্রণালয়/ ডিভিশন	জনপ্রশাসন মন্ত্রণালয়	প্রকল্প ব্যয়
এজেন্সি	গণপূর্ত অধিদপ্তর	মোট
প্রকিউরিং এনটিটির নাম	গণপূর্ত অধিদপ্তর	জিওবি
প্রকল্পের নাম	বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্প	নিজস্ব অর্থ
		০

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা পূর্ত কাজ	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ	
								প্রাক যোগ্যতা আহবান	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর		
(১)		(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	
কাজ (W-১)	মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে	হোক	৩৭	এলটিএম	ডিওএফপি	জিওবি	৫.০০		১৯০২-১০-১০	১৯০২/১০/১২	১৯০২/১০/২১	
৩৭টি জেলায় সার্কিট হাউজের ১তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ/বহিঃস্থ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ/বহিঃস্থ বিদ্যুতায়ন, অভ্যন্তরীণ ডেকরেসন, সেকফিট ক্যানোপি ও অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ)												
কাজ (W-২)	ফরিদপুর (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৫৯৫.০৩		১৯২১-১০-১০	১৯২১-১০-১০	১৯২১-১০-৩১	
কাজ (W-৩)	গাজীপুর (টাইপ-২ অনুরূপ)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		১৯২১-১০-১০	১৯২১-১০-১০	১৯২১-১০-৩১	
কাজ (W-৪)	কিশোরগঞ্জ (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৯৫		১৯২১-১০-১০	১৯২১-১০-১০	১৯২১-১০-৩১	
কাজ (W-৫)	মানিকগঞ্জ (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		১৯২১-১০-১০	১৯২১-১০-১০	১৯২১-১০-৩১	
কাজ (W-৬)	মুন্সীগঞ্জ (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		১৯২১-১০-১০	১৯২১-১০-১০	১৯২১-১০-৩১	
কাজ (W-৭)	নারায়ণগঞ্জ (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		১৯২১-১০-১০	১৯২১-১০-১০	১৯২১-১০-৩১	

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা		একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
	পূর্ত কাজ	প্রাক যোগ্যতা আহবান							দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
কাজ (W-৮)	নরসিংদী (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩২২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-৯)	রাজবাড়ী (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩২২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১০)	শরীয়তপুর (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩২২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১১)	ময়মনসিংহ (টাইপ-২ অনুরূপ)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩২২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১২)	নেত্রকোণা (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৩)	শেরপুর (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৪)	বান্দরবান (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৫)	ফেনী (টাইপ-১ অনুরূপ)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৬)	খাগড়াছড়ি (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৭)	নোয়াখালী (টাইপ-২ অনুরূপ)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৮)	বরিশাল (টাইপ-২ অনুরূপ)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-১৯)	বালকাঠি (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০
কাজ (W-২০)	পিরোজপুর (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩০৪		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৩১-১২-১০

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা		একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ			চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
	পূর্ত কাজ	প্রাক যোগ্যতা আহবান							দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)
কাজ (W-২১)	জয়পুরহাট (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২২)	নওগাঁ (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৩)	নাটোর (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৪)	পাবনা (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৫)	সিরাজগঞ্জ (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৬)	দিনাজপুর (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৭)	গাইবান্ধা (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৮)	কুড়িগ্রাম (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-২৯)	লালমনিরহাট (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-৩০)	নীলফামারী (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-৩১)	পঞ্চগড় (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	ওটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৬৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-৩২)	ঠাকুরগাঁও (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০
কাজ (W-৩৩)	চুয়াডাঙ্গা (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	ওটিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৪১-২১-১০	৪১-২১-১০

প্যাকেজ নং	ডিপিপি/টিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা		একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরণ	ক্রয় অনুমোদনকারী কর্তৃপক্ষ	অর্থের উৎস	প্রকল্পিত ব্যয় (লক্ষ টাকা)	সম্ভাব্য তারিখ				চুক্তি অনুযায়ী সম্পাদনের শেষ তারিখ
	পূর্ত কাজ	পূর্ত কাজ							প্রাক যোগ্যতা আহবান	দরপত্র আহবান	চুক্তি স্বাক্ষর		
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)		
কাজ (W-৩৪)	যশোর (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	৩টিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-১২-১০		
কাজ (W-৩৫)	বিনাইদহ (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	৩টিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-১২-১০		
কাজ (W-৩৬)	মেহেরপুর (টাইপ-২)	বর্গমিটার	৫৭৩.১১	৩টিএম	ডিওএফপি	জিওবি	৩৮২.১২		৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-১২-১০		
কাজ (W-৩৭)	হবিগঞ্জ (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	৩টিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-১২-১০		
কাজ (W-৩৮)	সুনামগঞ্জ (টাইপ-১)	বর্গমিটার	৬৪০.০০	এলটিএম	ডিওএফপি	জিওবি	৪০৬.৯৫		৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-১২-১০		
	পূর্ত কাজের মোট ক্রয়মূল্য						১৯৯৫৩.১৮						
	*ডিওএফপি= ডেলিগেশন অফ ফাইন্যান্সিয়াল পাওয়ার												

(জ) লগ-ফ্রেম

সংক্ষিপ্ত বর্ণনা (NS)	বস্তুনিষ্ঠ যাচাই নির্দেশক (OVI)	যাচাইয়ের মাধ্যম (MOV)	গুরুত্বপূর্ণ অনুমান (IA)																				
লক্ষ্য (Goal) ভিভিআইপি এবং ভিআইপি ব্যক্তিবর্গের সরকারি সফরকালে এবং অবকাশ যাপনকালে অবস্থান করার জন্য সার্কিট হাউজে পর্যাপ্ত সংখ্যক মানসম্পন্ন কক্ষের সংস্থান করা।	সার্কিট হাউজসমূহ প্রকৃতপক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিকট হস্তান্তরকরণ।	জনপ্রশাসন মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তরের রেকর্ডসমূহ।																					
উদ্দেশ্য (Purpose/Outcome) সরকারি সফরে আসা বিশিষ্ট অতিথিদের বিভিন্ন বেসরকারী হোটেলে নিরাপত্তাহীনতার সাথে রাত্রিযাপন না করে সুষ্ঠু নিরাপত্তার সহিত সার্কিট হাউজে অবস্থান করা নিশ্চিত করা।	ভিভিআইপি, ভিআইপি ব্যক্তিবর্গ ও সরকারী কর্মকর্তারা সার্কিট হাউজ ব্যবহার করবেন।	জনপ্রশাসন মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপূর্ত অধিদপ্তরের রেকর্ডসমূহ।	সরকারের সিদ্ধান্ত অপরিবর্তিত থাকবে।																				
আউটপুট (Output) >৩৭টি জেলা শহরে সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ হবে। > টাইপ-১={ $(22*৮)+(1*1৬)$ }=১৯২ ও টাইপ-২={ $(১৪*৬)$ }=৮৪, সর্বমোট ২৭৬টি নতুন অতিথি কক্ষ নির্মিত হবে।	৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, আসবাবপত্র, অভ্যন্তরীণ ডেকোরেশন ও সেফটি কেনোপিসহ)	পরিদর্শন প্রতিবেদন, কার্য সম্পাদন প্রতিবেদন।	ভবনসমূহ আবাসন ছাড়া অন্যকোন উদ্দেশ্যে ব্যবহৃত হবে না।																				
ইনপুট (Input)	প্রাক্কলিত মূল্য																						
১) ভবন নির্মাণ সামগ্রী ২) মেশিনারী ও যন্ত্রপাতি ৩) লোকবল ৪) ফান্ড ৫) ভূমি	<table border="1"> <thead> <tr> <th>কাজের নাম</th> <th>মোট টাকা</th> </tr> </thead> <tbody> <tr> <td>মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে</td> <td></td> </tr> <tr> <td>৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, পরিবর্তন ও পরিবর্ধনসহ)</td> <td>৫.০০</td> </tr> <tr> <td>বহিঃস্যানিটেশন ও পানি সরবরাহ</td> <td>১০৮৩০.৯৬</td> </tr> <tr> <td>বহিঃস্থ বিদ্যুতায়ন</td> <td>১৪৯০.২২</td> </tr> <tr> <td>অন্যান্য প্রয়োজনীয় ব্যয়</td> <td>১৫৫৮.১০</td> </tr> <tr> <td>মোট=</td> <td>১৬৪০০.২৮</td> </tr> <tr> <td>ফিজিক্যাল কন্ট্রোল ২% (১৬৪০০.২৮ টাকার)</td> <td>৩২৮.০১</td> </tr> <tr> <td>ফিজিক্যাল কন্ট্রোল ২% (১৬৪০০.২৮ টাকার)</td> <td>৩২৮.০১</td> </tr> <tr> <td>সর্বমোট=</td> <td>১৭০৫৬.২৯</td> </tr> </tbody> </table>	কাজের নাম	মোট টাকা	মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে		৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, পরিবর্তন ও পরিবর্ধনসহ)	৫.০০	বহিঃস্যানিটেশন ও পানি সরবরাহ	১০৮৩০.৯৬	বহিঃস্থ বিদ্যুতায়ন	১৪৯০.২২	অন্যান্য প্রয়োজনীয় ব্যয়	১৫৫৮.১০	মোট=	১৬৪০০.২৮	ফিজিক্যাল কন্ট্রোল ২% (১৬৪০০.২৮ টাকার)	৩২৮.০১	ফিজিক্যাল কন্ট্রোল ২% (১৬৪০০.২৮ টাকার)	৩২৮.০১	সর্বমোট=	১৭০৫৬.২৯	<p>-প্রকল্প পরিচালক অফিসের প্রতিবেদন</p> <p>-গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের তথ্যাদি</p> <p>-পিডব্লিউডি এর তথ্যাদি</p> <p>-আইএমইডি'র পর্যবেক্ষণ প্রতিবেদন।</p>	<p>-সময়মত অর্থ বরাদ্দ/ছাড়।</p> <p>-নির্মাণ সামগ্রীর মূল্য স্থিতিশীল।</p> <p>-সময়মত কাজ ও বস্তুসমূহের ক্রয়</p> <p>-সময়মত লোকবল নিয়োগ, ইত্যাদি।</p> <p>-সময়মত অর্থ বরাদ্দ</p> <p>-সময়মত বৈদ্যুতিক সংযোগ</p> <p>-সময়মত ক্রয় পরিকল্পনা সম্পাদন।</p> <p>-যথাসময়ে পর্যাপ্ত জনবল নিযুক্তকরণ এবং স্থিতিশীল প্রশাসনিক অবস্থা বিরাজ নিশ্চিতকরণ।</p>
কাজের নাম	মোট টাকা																						
মাটি পরীক্ষা ও ডিজিটাল সার্ভে																							
৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ (সুপার স্ট্রাকচার, অভ্যন্তরীণ পানি সরবরাহ এবং পয়ঃনিষ্কাশন, অভ্যন্তরীণ বিদ্যুতায়ন, পরিবর্তন ও পরিবর্ধনসহ)	৫.০০																						
বহিঃস্যানিটেশন ও পানি সরবরাহ	১০৮৩০.৯৬																						
বহিঃস্থ বিদ্যুতায়ন	১৪৯০.২২																						
অন্যান্য প্রয়োজনীয় ব্যয়	১৫৫৮.১০																						
মোট=	১৬৪০০.২৮																						
ফিজিক্যাল কন্ট্রোল ২% (১৬৪০০.২৮ টাকার)	৩২৮.০১																						
ফিজিক্যাল কন্ট্রোল ২% (১৬৪০০.২৮ টাকার)	৩২৮.০১																						
সর্বমোট=	১৭০৫৬.২৯																						

(ঝ) টেকসইকরণ পরিকল্পনা

নির্মাণ সম্পূর্ণ হবার ৩ বছর পর যথাবিহিত নিয়ম-নীতি পরিপালনের পর নির্মিত ভবনসমূহ গণপূর্ত অধিদপ্তরের বহিভুক্ত হবে। অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের রাজস্ব খাতে ভবনগুলোর রক্ষণাবেক্ষণ বাবদ অর্থ বরাদ্দের বিধান উল্লেখিত আছে। প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির পর উক্ত ভবনসমূহের ভৌত অবকাঠামোর বাৎসরিক রক্ষণাবেক্ষণ কাজ গণপূর্ত অধিদপ্তরের বিদ্যমান জনবল দ্বারা সম্পন্ন করার পরিকল্পনা আছে। বাৎসরিক খরচ প্রকল্প ব্যয়ের ২%, যা আনুমানিক ৩৪১.১৩ লক্ষ টাকা।

দ্বিতীয় অধ্যায়ঃ নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময় ভিত্তিক পরিকল্পনা

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় পরামর্শক ফার্মের মাধ্যমে এবং প্রকল্পের জনবল ও সম্ভাব্য সকল সুবিধাভোগীদের অংশগ্রহনে প্রকল্পটিকে সার্বিকভাবে পরিবীক্ষণ করা এ কার্যক্রমের মূল উদ্দেশ্য। সমীক্ষালব্ধ সুপারিশ প্রকল্পের কার্যকর বাস্তবায়নে এবং প্রকল্পটিকে আরও ফলপ্রসূ করতে সহায়ক হবে। নিবিড় পরিবীক্ষণ কাজের মূল উদ্দেশ্যগুলো হলঃ

- প্রকল্পের কার্যক্রম ডিপিপি/আরডিপিপি অনুযায়ী হচ্ছে কিনা তা পর্যালোচনা করে যাচাই করা;
- প্রকল্পের কার্যক্রমের মাধ্যমে প্রকল্পের লক্ষ্য অর্জিত হবে কিনা তা পর্যালোচনা ও বিশ্লেষণ করে যাচাই করা;
- প্রকল্পের লক্ষ্য অর্জনের জন্য উদ্যোগী মন্ত্রণালয়/অধিদপ্তর এবং সংস্থাকে সুপারিশ প্রদান করা।

নিবিড় পরিবীক্ষণ কাজ প্রধানত মাঠ পর্যায়ে ভৌতকাজ পরিদর্শনের উপর ভিত্তি করে পরিচালিত হয়েছে। পরিদর্শনের সময় নির্মাণ কাজের গুণগতমান, ব্যবহৃত মালামালের মান পরীক্ষা করে দেখা হয়েছে। এছাড়া বিভিন্ন গুণগত ও সংখ্যাগত পদ্ধতিতে তথ্য সংগ্রহ করে প্রকল্পের সবলতা, দুর্বলতা, সুযোগ, ঝুঁকি নির্ণয় করা হয়েছে। গুণগত পদ্ধতিতে তথ্য সংগ্রহের ক্ষেত্রে প্রকল্পের সাথে জড়িত বিভিন্ন গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিবিড় সাক্ষাৎকার (কেকেআই) গ্রহণ করা হয়েছে, দলীয় আলোচনা বা ফোকাস গ্রুপ ডিসকাশন (এফজডি)-এর আয়োজন করা হয়েছে ও একটি সাইটে স্থানীয় কর্মশালার আয়োজন করা হয়েছে।

সমীক্ষার ToR

১. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রয়োজ্য তথ্য);
২. প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
৪. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যবেক্ষণ;

৫. প্রকল্পের আওতায় সংগৃহীত/ভবিষ্যতে সংগ্রহ করা হবে এমন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যবেক্ষণ;
৬. প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৭. প্রকল্পের ঝুঁকি সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৮. প্রকল্প অনুমোদন, সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড় বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
৯. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১০. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Exit Plan) করার লক্ষ্যে মতামত প্রদান;
১১. SWOT ANALYSIS;
১২. সার্বিক পর্যালোচনা;
১৩. সুপারিশ
১৪. প্রকল্পের আওতায় ৩৭টি জেলায় হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের অগ্রগতি বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান;
১৫. কর্তৃপক্ষ নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

(ক) এলাকা নির্বাচন

দেশের ৮টি বিভাগে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এর মধ্যে ৩৭টি জেলা সদরে সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হচ্ছে। নিবিড় পরিবীক্ষণের জন্য ১১টি জেলাকে জাজমেন্টাল স্যাম্পলিং-এর মাধ্যমে নির্বাচন করা হয়েছে যা মোট এলাকার প্রায় ৩০%।

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত জেলাসমূহের বিস্তারিত বর্ণনা নিম্নে দেয়া হল।

সারণী-১. সমীক্ষায় অন্তর্ভুক্ত নমুনা জেলা ও সার্কিট হাউজগুলোর ক্যাটাগরি ও টাইপ সংক্রান্তঃ

ক্রম	বিভাগ	জেলা	জেলা ক্যাটাগরি				টাইপ	
			সমতল	হাওড়	পাহাড়ি	উপকূলীয়	টাইপ-১	টাইপ-২
১	ঢাকা	কিশোরগঞ্জ	-	১	-	-	১	-
২		নারায়নগঞ্জ	১	-	-	-	-	১
৩	চট্টগ্রাম	বান্দরবান	-	-	১	-	১	-
৪	রাজশাহী	নাটোর	১	-	-	-	১	-
৫		সিরাজগঞ্জ	১	-	-	-	১	-
৬	সিলেট	সুনামগঞ্জ	-	১	-	-	১	-
৭	রংপুর	দিনাজপুর	১	-	-	-	১	-
৮		গাইবান্ধা	১	-	-	-	১	-
৯		ঠাকুরগাঁও	১	-	-	-	-	১
১০	ময়মনসিংহ	ময়মনসিংহ	১	-	-	-	-	১
১১		নেত্রকোনা	-	১	-	-	১	-
মোট=	৬	১১	৭	৩	১	-	৮	৩

(খ) নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ

১. উত্তরদাতা নির্বাচন

প্রকল্পের উদ্দেশ্য অর্জন সংক্রান্ত তথ্যের জন্য বিভিন্ন ব্যক্তিবর্গের নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। উদ্যোগী মন্ত্রণালয়ের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, বাস্তবায়নকারী সংস্থার কর্মকর্তা, প্রকল্প পরিচালক ও তার সহায়ক জনবল, জেলা পর্যায়ের সংশ্লিষ্ট নির্বাহী, সহকারী ও উপ-সহকারী প্রকৌশলী, ঠিকাদার, প্রজেক্ট ম্যানেজার, জেলা প্রশাসক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, কেয়ার টেকার, শ্রমিক ইত্যাদি ব্যক্তি হতে বিভিন্ন পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হয়েছে।

২. উত্তরদাতা বা নমুনার আকার নির্বাচন

সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের কাজ মূলতঃ নির্মাণধর্মী হওয়ায় এক্ষেত্রে গুণগত পদ্ধতির উপর ভিত্তি করে তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রতিটি জেলা হতে কমপক্ষে ৫ জন উত্তরদাতার নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। গুণগত পদ্ধতিতে মোট ৯৩ জনের কাছ থেকে মতামত নেয়া হয়েছে।

(গ) তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

১. প্রকল্পের জন্য প্রাথমিক ও সেকেন্ডারী উভয় প্রকার তথ্য সংগ্রহ করা হয়েছে। উভয় পর্যায়ের উৎস হতে নিম্নোক্ত তিন ধরনের তথ্য সংগ্রহ করা হয়েছেঃ

- প্রকল্প বাস্তবায়নের গুণগত মান;
- প্রকল্প বাস্তবায়নের প্রক্রিয়াগত ব্যবস্থাপনা এবং
- প্রকল্পে সৃষ্ট অবকাঠামো ও সুবিধা সম্পর্কিত।

তথ্য সংগ্রহের জন্য যেসকল ডকুমেন্ট পর্যালোচনা করা হবে সেগুলো হলঃ

- ডিপিপি
- অনুমোদিত নকশা (আর্কিটেকচারাল ও স্ট্রাকচারাল)
- নির্মাণসামগ্রীর গুণগতমান পরীক্ষার প্রতিবেদন
- কন্সট এন্টিমেশন ও টেন্ডার ডকুমেন্ট
- সাইট কন্ট্রোল ম্যাপ
- প্রগ্রেস রিপোর্ট
- মেইনটেনেন্স লগবুক
- ফিজিবিলিটি স্টাডি প্রতিবেদন

১.১ প্রকল্প বাস্তবায়নের গুণগত মান সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

মাঠ পর্যায়ে সম্পাদিত কাজ ও ব্যবহৃত মালামাল পরিদর্শনপূর্বক নির্মাণ সামগ্রী সম্পর্কে জানা এবং কাজের গুণগত মান ও প্রকল্প বাস্তবায়নে চিহ্নিত সমস্যাাদি নিরসনে সুপারিশমালা প্রণয়ন করা হল নিবিড় পরিবীক্ষণের অন্যতম উদ্দেশ্য। এই প্রকল্পে যে সমস্ত কাজ ইতোমধ্যে মাঠ পর্যায়ে সম্পাদিত হয়েছে সে সকল কাজ পরিদর্শনকালে যে সকল বিষয়ের উপর নিরীক্ষা করা হয়েছে সেগুলো হলঃ

- ভবন অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ করা হয়েছে কি-না;
- মৃত্তিকা পরীক্ষা সঠিকভাবে করা হয়েছে কি-না;
- আর.সি.সি'র কাজ সঠিক নিয়ম মেনে করা হয়েছে কি-না;
- ছাদ ঢালাই-এর গুণগত মান ঠিক হয়েছে কি-না;
- নির্মাণ সামগ্রী ব্যবহারের পূর্বে সঠিকভাবে পরিষ্কার করা হয়েছে কি-না;
- ইলেকট্রিকের কাজ মানসম্পন্ন হয়েছে কি-না;
- টাইলস এবং মোজাইকের কাজের গুণগত মান ঠিক আছে কি-না;
- ভবনের কলাম, বিম, ফ্লোর স্লাবের ক্ষেত্রে ডিজাইন স্পেসিফিকেশন মানা হয়েছে কি-না;
- মেটাল কাজ (লোহা ও অ্যালুমিনিয়ামের সামগ্রী) মানসম্পন্ন হয়েছে কি-না;
- ভিতরের এবং বাহিরের রং-এর কাজ মানসম্পন্ন হয়েছে কি-না;
- কাঠের কাজ স্পেসিফিকেশন মেনে করা হয়েছে কি-না;
- প্লাস্টার কাজ সঠিকভাবে হয়েছে কি-না;
- প্লাস্টিং, স্যানিটারী ও ওয়াটার সাপ্লাই-সিস্টেম অনুমোদিত স্পেসিফিকেশন অনুযায়ী হয়েছে কি-না।

১.২ প্রকল্প বাস্তবায়নের প্রক্রিয়াগত ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

১.২.১ প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

দরপত্র সংক্রান্ত যেসকল তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে তার মধ্যে রয়েছেঃ

- সংশ্লিষ্ট অফিসসমূহ কত তারিখে CPTU ওয়েবসাইটে দরপত্র প্রকাশ করেছে;
- কত তারিখে প্রত্যাহার করেছে;
- e-GP –এর নিয়মনীতি যথাযথভাবে প্রতিপালিত হয়েছে কি-না;
- দরপত্র আহ্বানের তারিখ;
- দরপত্র প্রকাশিত পত্রিকার নাম;
- দরপত্র খোলার তারিখ;
- দরপত্র প্রাপ্তির সংখ্যা;
- রেসপন্সিভ দরপত্রের সংখ্যা;
- দরপত্র মূল্যায়নের তারিখ;
- প্রাক্কলিত ব্যয়;
- প্রক্রিয়াকরণ ও চূড়ান্তকরণে ব্যয়িত দিন;
- চুক্তি অনুমোদনকারীর নাম ও ঠিকানা;
- চুক্তি মোতাবেক কাজ সমাপ্তির তারিখ;
- প্রকৃত কাজ সমাপ্তির তারিখ।

যে সকল সাইট পরিদর্শন করা হয়েছে সে সকল সাইটের থেকে পূর্তকাজের ক্রয় সংক্রান্ত প্যাকেজ পরিবীক্ষণ করা হয়েছে মোট পূর্ত কাজের প্যাকেজসমূহের ৩০%। এগুলোর ভেতর থেকে দুইটি প্যাকেজকে কেইস স্টাডি হিসেবে নিয়ে গভীরভাবে পরীক্ষা করা হয়েছে এবং তা বিশদভাবে বর্ণিত হয়েছে।

১.২.২ অর্থ ব্যয় সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

ডিপিপি এবং সংশোধিত ডিপিপি অনুযায়ী অর্থ বরাদ্দ, অর্থ অবমুক্তি এবং তা ব্যয়ের পরিমাণ নির্ধারিত ছকের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। অপরদিকে সংশ্লিষ্ট প্রকল্পে কাজের জন্য এ যাবতকালে পরিশোধকৃত বিলের পরিমাণ এবং অবশিষ্ট কাজের পরিমাণ ও তার বিলের পরিমাণ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়া প্রকল্পের বছরভিত্তিক আর্থিক সংস্থান, অগ্রগতি এবং ক্রমপুঞ্জিত অগ্রগতির তথ্য ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে।

১.২.৩ কাজের বাস্তব অগ্রগতি সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

ডিপিপিতে বর্ণিত কাজের পরিমাণ এবং মাঠ পর্যায় হতে সম্পন্নকৃত কাজের পরিমাণ এবং অবশিষ্ট কাজের সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়েছে।

১.২.৪ ভৌত কাজের তদারকি সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

সম্পন্নকৃত ভৌত কাজের তদারকি কোন প্রক্রিয়ায় করা হচ্ছে সে সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করা হয়েছে। এসব তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, গণপূর্ত অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয় ইত্যাদি হতে সংগ্রহ করা হয়েছে।

১.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জন সংক্রান্ত তথ্য সংগ্রহঃ

প্রকল্পের উদ্দেশ্য অর্জন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট জেলা সদর এলাকার নিম্নোক্ত স্টেকহোল্ডারদের কাছ থেকে তথ্য গ্রহণ করা হয়েছেঃ

- নির্মাণ কাজের সাথে সংশ্লিষ্ট শ্রমিক, ঠিকাদার;
- সংশ্লিষ্ট স্টেশনের কেয়ার টেকার, বাবুর্চি, সুইপার ইত্যাদি;
- অতীতে সার্কিট হাউজ হতে সেবা গ্রহীতা, তাদের পরিবার ও পরিচিত ব্যক্তিবর্গ;

স্বেচ্ছায় অংশগ্রহণকারীদের নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়েছে।

২. তথ্য সংগ্রহকারী নিয়োগ:

পরামর্শকগণ সরেজমিনে সাইট পরিদর্শন করে নির্মাণ কাজ ও দলিলপত্রাদি পরিবীক্ষণ করেন। সহযোগীতার জন্য দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর মধ্য থেকে ৩জন তথ্য সংগ্রহকারী ও মাঠ সুপারভাইজার নিয়োগ করা হয়; তারা প্রত্যেকে মাস্টার্স/সমমানের ডিগ্রিপ্ৰাপ্ত এবং ন্যূনপক্ষে ২-৪ বছরের অভিজ্ঞতা ছিল।

৩. তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ:

তথ্য সংগ্রহকারী এবং মাঠ সুপারভাইজারদেরকে ৩ দিনের প্রশিক্ষণ (১ দিন মাঠ পর্যায়ের অনুশীলন) প্রদান করা হয়। এ প্রশিক্ষণে তথ্য সংগ্রহ এবং প্রশ্নমালায় ব্যবহৃত বিভিন্ন শব্দের একক বোধগম্যতার জন্য ধারণা প্রদান করা হয়। তাছাড়া প্রশিক্ষণে তাত্ত্বিক বিষয়ের চেয়ে বাস্তব অনুশীলনের উপর জোর দেওয়া হয়।

৪. মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ:

- নমুনা এলাকা নির্বাচন ও পরিদর্শন
- ফোকাস গ্রুপের সাক্ষাৎকার গ্রহণ
- বিভিন্ন টুলসের মাধ্যমে তথ্য সংগ্রহ
- স্থানীয় পর্যায়ে কর্মশালা পরিচালনা

তথ্য সংগ্রহের প্রক্রিয়া ও নমুনাঃ

কেআইআই পদ্ধতিতে তথ্য সংগ্রহঃ

তথ্য প্রদানকারী	তথ্য সংগ্রহ প্রক্রিয়া	জেলা প্রতি নমুনা	মোট নমুনা
প্রকল্প পরিচালক	কেআইআই		১ জন
জেলা প্রশাসক	কেআইআই	১ জন	১১ জন
গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/ নির্বাহী প্রকৌশলী	কেআইআই	১ জন	১১ জন
মোট=			২৩ জন

এফজিডি পদ্ধতিতে তথ্য সংগ্রহঃ

পরিদর্শন এলাকায় বিভিন্ন ফোকাস গ্রুপের ব্যক্তিবর্গদের নিয়ে মোট ৪টি এফজিডি'র আয়োজন করা হয়। প্রতিটি এফজিডি'তে ৮-১০ জন ব্যক্তি অংশ নেন। ফিল্ড সুপারভাইজর আলোচনা মডারেট করেন। এসকল আলোচনার অংশগ্রহণকারীরা হলেনঃ সার্কিট হাউজ হতে সেবা গ্রহণকারী, সার্কিট হাউজের কর্মচারীগণ, নির্মাণকাজে অংশগ্রহণকারী ঠিকাদার ও শ্রমিক এবং প্রকল্পের সাথে জড়িত কর্মকর্তাবৃন্দ।

ফোকাস গ্রুপ	এফজিডি সংখ্যা	প্রতিটি এফজিডি'তে অংশগ্রহণকারী সংখ্যা	ফোকাস গ্রুপের মোট সদস্য
প্রকল্পের সাথে জড়িত কর্মকর্তাবৃন্দ	৪	৩ জন	১২ জন
সার্কিট হাউজ হতে সেবা গ্রহণকারী	৪	২ জন	৮ জন
সার্কিট হাউজের কর্মচারীগণ	৪	২ জন	৮ জন
নির্মাণকাজে অংশগ্রহণকারী ঠিকাদার ও শ্রমিক	৪	৩ জন	১২ জন

নিবিড় পরিবীক্ষণে ০৮টি এফজিডি'তে ৪টি ফোকাস গ্রুপের মোট ৪০ জন স্টেকহোল্ডারের নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়।

লোকাল ওয়ার্কশপঃ

প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে ভূমিকা রাখা ব্যক্তিবর্গদের নিয়ে নারায়ণগঞ্জে আয়োজিত ১টি কর্মশালায় আয়োজন করা হয় যাতে নিম্নবর্ণিত ব্যক্তিদের আমন্ত্রণ করা হয়ঃ

কর্মশালায় আমন্ত্রিত ব্যক্তিবর্গ	সংখ্যা
জেলা প্রশাসক	১ জন
অতিরিক্ত জেলা প্রশাসক	১ জন
নেজারত ডেপুটি কালেক্টর	১ জন
নির্বাহী প্রকৌশলী	১ জন
উপ-বিভাগীয় প্রকৌশলী	২ জন
উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	২ জন
উপ-সহকারী প্রকৌশলী (ই/এম)	১ জন
আইএমইডি'র প্রতিনিধি	১ জন
সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গ	৪০ জন
মোট =	৫০ জন



চিত্র ২.১ নারায়ণগঞ্জে আয়োজিত স্থানীয় কর্মশালা

(ঘ) সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন

নিবিড় পরিবীক্ষণে পরামর্শক প্রতিষ্ঠানের কর্ম পরিকল্পনা নিম্নরূপঃ

কার্যক্রম	সময়কাল
আইএমইডি'র সাথে পরিকল্পনা সভা	৬ জানুয়ারি, ২০২০
রেফারেন্স ডকুমেন্টস, পলিসি, সার্কুলার, অর্ডিন্যান্স, নিয়ম ইত্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা	১০ জানুয়ারি, ২০২০
মনিটরিং ডিজাইন এবং প্রশ্নমালা তৈরি	৭-১৭ জানুয়ারি, ২০২০
প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন	১৯ জানুয়ারি, ২০২০
টেকনিক্যাল কমিটির নিকট প্রারম্ভিক প্রতিবেদন উপস্থাপন	২২ জানুয়ারি, ২০২০
সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদন জমা	৩০ জানুয়ারি, ২০২০
স্টিয়ারিং কমিটির নিকট প্রারম্ভিক প্রতিবেদন উপস্থাপন	১৭ ফেব্রুয়ারি, ২০২০
মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারী দলকে প্রশিক্ষণ প্রদান	২০, ২১ ফেব্রুয়ারি, ২০২০
মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ	২৫ ফেব্রুয়ারি – ২৫ মার্চ, ২০২০
স্থানীয় কর্মশালা সংগঠন	০৯ মার্চ, ২০২০
ডাটা বিশ্লেষণের জন্য ডাটা ব্যবস্থাপনা কার্যক্রম বিন্যাস (প্রসেসিং)	১৫-২০ মার্চ, ২০২০
আউটপুট টেবিল এবং গ্রাফের মাধ্যমে ডাটা তৈরি এবং বিশ্লেষণ	২৬ মার্চ - ০৫ এপ্রিল, ২০২০
খসড়া প্রতিবেদন তৈরি	০৬-১৫ এপ্রিল, ২০২০
টেকনিক্যাল কমিটির নিকট ১ম খসড়া প্রতিবেদন উপস্থাপন	৩০ এপ্রিল, ২০২০
স্টিয়ারিং কমিটির নিকট ১ম খসড়া চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন	১৩ মে, ২০২০
জাতীয় কর্মশালায় খসড়া চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন	০২ জুন, ২০২০
টেকনিক্যাল কমিটির নিকট ২য় খসড়া প্রতিবেদন উপস্থাপন	১৩ জুন, ২০২০
স্টিয়ারিং কমিটির নিকট ২য় খসড়া চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন	১৫ জুন, ২০২০
চূড়ান্ত প্রতিবেদন তৈরি এবং প্রিন্টিং	১৬ জুন- ২২ জুন, ২০২০
চূড়ান্ত প্রতিবেদন জমা প্রদান	২৪ জুন, ২০২০

গ্যান্ট চার্ট

গ্যান্ট চার্টে মূল কার্যক্রমসমূহ প্রদর্শিত হলঃ

ক্রম	কার্যক্রম	মাস					
		১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ
১।	প্রারম্ভিক তথ্যাদি সংগ্রহ, স্টাডি ডিজাইন, চেকলিস্ট-ছক-প্রশ্নমালা তৈরী, প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন						
২।	মতামত সংগ্রহ, সাইট পরিদর্শন, ল্যাব টেস্ট, ক্রয় সংক্রান্ত তথ্য সংগ্রহ, স্থানীয় কর্মশালা-এফজিডি-নিবিড় সাক্ষাতকারের আয়োজন, ট্রায়ালশুলেশন, তথ্য বিশ্লেষণ, ছক-লেখচিত্র-লেখস্তুত ইত্যাদি প্রস্তুতকরণ ও প্রতিবেদন তৈরী						
৩।	১ম খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ, টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং সভায় উপস্থাপন, সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিবেদন সংশোধন, জাতীয় কর্মশালা আয়োজন ও কর্মশালায় প্রতিবেদন উপস্থাপন						
৪।	কর্মশালার সিদ্ধান্ত মোতাবেক ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ, টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং সভায় ২য় খসড়া প্রতিবেদন উপস্থাপন						
৫।	টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং কমিটির নির্দেশনা অনুযায়ী চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ, সম্পাদনা প্যানেলের নির্দেশনা অনুযায়ী ইংরেজীতে প্রতিবেদনের অনুবাদ এবং নির্ধারিত সংখ্যক কপি বাংলা ও ইংরেজীতে প্রতুত করা।						

গ্যান্ট চার্ট

গ্যান্ট চার্টে মূল কার্যক্রমসমূহ প্রদর্শিত হলঃ

ক্রম	কার্যক্রম	মাস					
		১ম	২য়	৩য়	৪র্থ	৫ম	৬ষ্ঠ
১।	প্রারম্ভিক তথ্যাদি সংগ্রহ, স্টাডি ডিজাইন, চেকলিস্ট-ছক-প্রশ্নমালা তৈরী, প্রারম্ভিক প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন						
২।	মতামত সংগ্রহ, সাইট পরিদর্শন, ল্যাব টেস্ট, ক্রয় সংক্রান্ত তথ্য সংগ্রহ, স্থানীয় কর্মশালা-এফজিডি-নিবিড় সাক্ষাতকারের আয়োজন, ট্রায়ালশুলেশন, তথ্য বিশ্লেষণ, ছক-লেখচিত্র-লেখস্তুত ইত্যাদি প্রস্তুতকরণ ও প্রতিবেদন তৈরী						
৩।	১ম খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ, টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং সভায় উপস্থাপন, সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিবেদন সংশোধন, জাতীয় কর্মশালা আয়োজন ও কর্মশালায় প্রতিবেদন উপস্থাপন						
৪।	কর্মশালার সিদ্ধান্ত মোতাবেক ২য় খসড়া প্রতিবেদন প্রস্তুতকরণ, টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং সভায় ২য় খসড়া প্রতিবেদন উপস্থাপন						
৫।	টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং কমিটির নির্দেশনা অনুযায়ী চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুতকরণ, সম্পাদনা প্যানেলের নির্দেশনা অনুযায়ী ইংরেজীতে প্রতিবেদনের অনুবাদ এবং নির্ধারিত সংখ্যক কপি বাংলা ও ইংরেজীতে প্রতুত করা।						

নিবিড় পরিবীক্ষণ কাজের সীমাবদ্ধতাঃ

চলমান কোভিড-১৯ মহামারির কারণে উদ্ভূত পরিস্থিতিতে যাতায়াত ব্যবস্থার সীমাবদ্ধতা ও সামাজিক দূরত্ব বজায় রাখার বাধ্যবাধকতার কারণে পরিকল্পনা মাফিক নির্মাণ কাজ পরিদর্শন ও স্টেকহোল্ডারদের মতামত সংগ্রহ করা যায়নি। নিবিড় পরিবীক্ষণের আওতায় বরিশাল ও খুলনা বিভাগ হতে কোন জেলার সার্কিট হাউজ পরিদর্শন করা সম্ভব হয়নি যা সমীক্ষার একটি উল্লেখযোগ্য সীমাবদ্ধতা।

তৃতীয় অধ্যায়ঃ ফলাফল পর্যালোচনা

(ক) প্রকল্পের অগ্রগতি

ক.১ প্রকল্পের সামগ্রিক অগ্রগতি

সাইট-ওয়ারী সার্কিট হাউজ সমূহের কাজের অগ্রগতি সারণী ৩.১ এ দেয়া হল।

সারণী-২. প্রকল্পের সাইট-ওয়ারী বাস্তবায়ন অগ্রগতি (মার্চ, ২০২০ পর্যন্ত)

(লক্ষ টাকা)

ক্রমিক নং	জেলার নাম	২০১৮-১৯ অর্থবছরে জুন মাস পর্যন্ত প্রকল্পের অবস্থা			প্রকল্পের সামগ্রিক অবস্থা			মন্তব্য
		অবমুক্তি	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	প্রাপ্ত বরাদ্দ	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১	ফরিদপুর (টাইপ-১)	৩১০.৯৫	৩১০.৯৫	৬০%	৩৬০.৯৫	৩৬০.৯৫	৮৫%	৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন। ফিনিশিং কাজ চলমান।
২	রাজবাড়ী (টাইপ-২)	২১৯.৪৪	২১৯.৪৪	৬০%	৩৩৯.৪৪	৩১৯.৪৪	৮৪%	ফিনিশিং কাজ চলমান।
৩	শরিয়তপুর (টাইপ-২)	Foundation এর ভার বহনের ক্ষমতা না থাকায় উর্দ্ধমুখী সম্প্রসারণ সম্ভব না।						
৪	গাজীপুর (টাইপ-২)	৩৬.০০	৩৬.০০	১৫%	১৮৬.০০	১৫৬.০০	৬৫%	ইন্টের গাঁথুনির কাজ চলমান।
৫	মানিকগঞ্জ (টাইপ-২)	৮০.০০	৮০.০০	৪০%	১৩০.০০	১২০.০০	৮৫%	ফিনিশিং কাজ চলমান।
৬	কিশোরগঞ্জ (টাইপ-১)	১০০.০০	১০০.০০	৪০%	৩০০.০০	২৫০.০০	৮৫%	ছাদ ঢালাই সম্পন্ন। ফিনিশিং কাজ চলমান।
৭	ময়মনসিংহ (টাইপ-২)	২৬৩.৭৩	২৬৩.৭৩	৬০%	২৬৩.৭৩	২৬৩.৭৩	৮৫%	ফিনিশিং কাজ চলমান।
৮	নেত্রকোনা (টাইপ-১)	১৫২.২৫	১৫২.২৫	৪০%	২১২.২৫	২০৩.০৩	৭০%	৩য় তলার ছাদ ঢালাইয়ের এর কাজ সম্পন্ন। নীচতলা ও ২য় তলার রেনোভেশন এর কাজ শুরু হবে।

ক্রমিক নং	জেলার নাম	২০১৮-১৯ অর্থবছরে জুন মাস পর্যন্ত প্রকল্পের অবস্থা			প্রকল্পের সামগ্রিক অবস্থা			মন্তব্য
		অবমুক্তি	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	প্রাপ্ত বরাদ্দ	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
৯	মুন্সীগঞ্জ (টাইপ-২)	৫০.০০	৫০.০০	১০%	৮০.০০	৮০.০০	৭০%	ছাদ ঢালাই সম্পন্ন।
১০	নারায়নগঞ্জ (টাইপ-২)	১০১.৩৫	১০১.৩৫	৩৫%	২৫৭.৩৫	২০১.৩৫	৭০%	ছাদ ঢালাই সম্পন্ন।
১১	নরসিংদী (টাইপ-২)	১৫১.৮৫	১৫১.৮৫	৪০%	১৫১.৮৫	১৫১.৮৫	৭০%	২য় তলার টাইলস এবং ৩য় তলার খাই অ্যালুমিনিয়াম এবং দরজার কাজ চলমান
১২	শেরপুর (টাইপ-১)	১০০.৬০	১০০.৬০	৩০%	৩০০.৬০	২৫০.৬০	৭০%	ছাদ ঢালাই সম্পন্ন। ইটের গাথুনির কাজ চলছে।
১৩	বান্দরবান (টাইপ-১)	৮০.০০	৮০.০০	৩০%	১৩০.০০	৮০.০০	৭০%	৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন। ইটের গাঁথুনি ও প্লাস্টারের কাজ চলছে।
১৪	খাগড়াছড়ি (টাইপ-১)	১০০.০০	১০০.০০	৩০%	২০০.০০	১৮০.০০	৬৮%	ছাদ ঢালাই সম্পন্ন।
১৫	ফেনী (টাইপ-১)	৫০.৪০	৫০.৪০	২০%	২০০.৪০	১৫০.৪০	৭২%	৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন। ইটের গাঁথুনির কাজ চলমান।
১৬	নোয়াখালী (টাইপ-২)	৩১৭.৯৯	৩১৭.৯৯	৬০%	৩৬৭.৯৯	৩৬১.৫৮	৭৯%	ফিনিশিং কাজ চলমান।
১৭	বরিশাল (টাইপ-২)			৫%	৫০.০০	৪৪.০০	৬৫%	৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন। ইটের গাঁথুনি ও প্লাস্টারের কাজ চলমান।
১৮	ঝালকাঠি (টাইপ-১)	১০০.০০	১০০.০০	৪০%	২০০.০০	১৫০.০০	৭৫%	৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন। ইটের গাঁথুনি ও প্লাস্টারের কাজ চলমান।
১৯	পিরোজপুর (টাইপ-১)	Foundation এর ভার বহনের ক্ষমতা না থাকায় উর্দ্ধমুখী সম্প্রসারণ সম্ভব না।						

ক্রমিক নং	জেলার নাম	২০১৮-১৯ অর্থবছরে জুন মাস পর্যন্ত প্রকল্পের অবস্থা			প্রকল্পের সামগ্রিক অবস্থা			মন্তব্য
		অবমুক্তি	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	প্রাপ্ত বরাদ্দ	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
২০	জয়পুরহাট (টাইপ-১)	১২০.০০	১২০.০০	৩৫%	১৭০.০০	১৫৮.০০	৭৫%	ইন্টার গাঁথুনির কাজ চলমান।
২১	নওগাঁ (টাইপ-১)	৩৬.৩১	৩৬.৩১	২০%	১৯১.৩১	১৯০.০০	৭৫%	ইন্টার গাঁথুনির কাজ চলমান।
২২	নাটোর (টাইপ-১)	৭১.১০	৭১.১০	১০%	২২১.১০	১৫১.১০	৭২%	ছাদ ঢালাই সম্পন্ন। ইন্টার গাঁথুনির কাজ চলমান।
২৩	পাবনা (টাইপ-১)	১০০.০০	১০০.০০	৩০%	৩০০.০০	২৫০.০০	৭৩%	ছাদ ঢালাই সম্পন্ন। টাইলস, গ্রিল, দরজা ইত্যাদি কাজ চলমান।
২৪	সিরাজগঞ্জ (টাইপ-১)	১৫০.৭৩	১৫০.৭৩	৩৫%	২৫০.৭৩	২০০.৭৩	৭৬%	ছাদ ঢালাই সম্পন্ন। ইন্টার গাঁথুনির কাজ চলমান।
২৫	দিনাজপুর (টাইপ-১)	১৯২.০০	১৯২.০০	৪০%	২৪২.০০	২১২.০০	৭৮%	ইন্টার গাঁথুনি, প্লাস্টার, গ্রিল ইত্যাদি কাজ চলছে।
২৬	নীলফামারী (টাইপ-১)	১১০.৪৬	১১০.৪৬	৪০%	২৬০.৪৬	২৪০.৪৬	৭৮%	ছাদ ঢালাই সম্পন্ন। বহিঃ স্যানিটেশন ও বিদ্যুতায়নের কাজ চলমান।
২৭	পঞ্চগড় (টাইপ-১)	২০১.৩২	২০১.৩২	৫০%	২০১.৩২	২০১.৩২	৭৬%	ছাদ ঢালাই সম্পন্ন, ফিনিসিং কাজ চলমান।
২৮	ঠাকুরগাঁও (টাইপ-২)	৪৫.৬৭	৪৫.৬৭	১৫%	৯৫.৬৭	৯৫.৬৭	৭০%	৩য় তলার ছাদ ঢালাই সম্পন্ন। ইন্টার গাঁথুনি ও প্লাস্টারের কাজ চলমান।
২৯	গাইবান্ধা (টাইপ-১)	৩০১.৪৯	৩০১.৪৯	৬০%	৩২৬.৪৯	৩০১.৪৯	৮০%	২য় ও ৩য় তলার রেনোভেশনের কাজ চলমান।

ক্রমিক নং	জেলার নাম	২০১৮-১৯ অর্থবছরে জুন মাস পর্যন্ত প্রকল্পের অবস্থা			প্রকল্পের সামগ্রিক অবস্থা			মন্তব্য
		অবমুক্তি	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	প্রাপ্ত বরাদ্দ	ব্যয়	ভৌত অগ্রগতি (%)	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
৩০	কুড়িগ্রাম (টাইপ-১)	১০০.০০	১০০.০০	৪০%	২৫৫.০০	১০০.০০	৮০%	ফিনিশিং কাজ চলমান।
৩১	লালমনিরহাট (টাইপ-২)	১৬১.৯০	১৬১.৯০	২৫%	২১১.৯০	২১১.৯০	৮০%	ফ্লোর টাইলস এর কাজ চলমান।
৩২	চুয়াডাঙ্গা (টাইপ-২)	২৫০.৪৮	২৫০.৪৮	৬০%	৩০৬.৯৮	১৮০.৪৮	৮৫%	ছাদ ঢালাই সম্পন্ন।
৩৩	যশোর (টাইপ-১)	১৬৭.০০	১৬৭.০০	৩০%	২১৭.০০	২০৭.০০	৮৫%	৩য় তলা ছাদের ঢালাই সম্পন্ন। সীমানা প্রাচীরের কাজ চলমান।
৩৪	ঝিনাইদহ (টাইপ-১)	১৮৯.২৪	১৮৯.২৪	৪০%	১৮৯.২৪	১৮৯.২৪	৮৫%	ফিনিশিং কাজ চলমান
৩৫	মেহেরপুর (টাইপ-২)	৭২.৬৬	৭২.৬৬	৪০%	২৭২.৬৬	১৭২.৬৬	৮৫%	ফিনিশিং কাজ চলমান
৩৬	হবিগঞ্জ (টাইপ-১)	Foundation এর ভার বহনের ক্ষমতা না থাকায় উর্ধ্বমুখী সম্প্রসারণ সম্ভব না।						
৩৭	সুনামগঞ্জ (টাইপ-১)	৫১.৬৫	৫১.৬৫	২৫%	২০১.৬৫	৫১.৬৫	৭৫%	ইন্টের গাঁথুনির কাজ চলমান।
	মোট=	৪৬১৭.৮৬	৪৬১৭.৮৬	৩৬%	৭৬৪৪.০৭	৬৭১৭.৯২	৭৯%	

ক.২ পরিদর্শন করা সাইটসমূহের কাজের অগ্রগতি

বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের মনিটরিং-এর জন্য মোট ১১ টি জেলা সদরের সার্কিট হাউজ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ভৌত কাজের অগ্রগতির পাশাপাশি কাজের গুণগত মান পরীক্ষা করা হয়।

সার্কিট হাউজ, কিশোরগঞ্জঃ

ভবনটি টাইপ-১ ক্যাটাগরির। সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা জানালার ফ্রেম লাগানো, ওভারহেড ট্যাঙ্ক স্থাপন সম্পন্ন হয়েছে। দরজা লাগানো হলেও জানালা, বৈদ্যুতিক ও স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ বাকি আছে। দোতলা ও নিচ তলার মেরামতের অংশ হিসেবে কিছু স্যানিটারি ও বৈদ্যুতিক ফিটিংস পরিবর্তন করা হয়েছে। নিচ তলার ডাইনিং রুম ও কনফারেন্স রুমের মেরামত ও ইন্টেরিয়র ডেকোরেশনের কাজ সম্পন্ন হয়েছে। সিঁড়ির মার্বেল পাথর ও রেলিং লাগানোর কাজ শেষ। নিচে স্টোর রুম বিদ্যমান থাকায় নতুন করে ছাদে স্টোর রুম করা হয়নি। বাহিরে গভীর নলকূপ বসানো, সাবস্টেশন রুম তৈরী, সীমানা প্রাচীর উঁচু করার কাজ প্রায় শেষ। জেনারেটর, এসি, ট্রান্সফরমার, সোলার প্যানেল, গীজার ইত্যাদি বৈদ্যুতিক যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে কিন্তু স্থাপন করা হয়নি। সার্কিট হাউজে অতিথিরা অবস্থানরত থাকা অবস্থাতেই নির্মাণ কাজ করতে হয়েছে। অনেক সময় অতিথিদের বিশেষ অনুরোধে কাজ বন্ধ রাখতে হয়। ফলে কার্য সম্পন্ন করতে বিলম্ব হয়েছে।

সার্কিট হাউজ, ঠাকুরগাঁওঃ

ডিপিপি'তে ঠাকুরগাঁও সার্কিট হাউজকে টাইপ-২ হিসেবে উল্লেখ করা থাকলেও প্রকৃতপক্ষে পূর্বে সেখানে টাইপ-১ ক্যাটাগরির ভবন হিসেবে দোতলায় ৬টি সাধারণ, ২টি ভিআইপি ও একটি ওয়েটিং রুম বিদ্যমান ছিল। পূর্বের কাঠামোর সাথে মিল রেখে তৃতীয় তলাতেও ৬টি সাধারণ, ২টি ভিআইপি ও একটি ওয়েটিং রুম করা হচ্ছে। সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, স্টোররুম, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা জানালার ফ্রেম লাগানো, ওভারহেড ট্যাঙ্ক স্থাপন সম্পন্ন হয়েছে। দরজা, জানালা, বৈদ্যুতিক ও স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ বাকি আছে। সিঁড়ির মার্বেল ও রেলিং লাগানো বাকি আছে। তিন তলা হস্তান্তর করার পর দোতলা ও নিচতলার মেরামত কাজ শুরু করা হবে। বাহিরে পাম্প হাউজ ও সাব-স্টেশন রুম তৈরির কাজ চলছে। জেনারেটর, এসি, ট্রান্সফরমার, সোলার প্যানেল, গীজার ইত্যাদি বৈদ্যুতিক যন্ত্রপাতির কাজ এখনো বাকি আছে। অতিথিদের অসুবিধার কথা বিবেচনা করে

কাজ বিভিন্ন সময় বন্ধ রাখার কারণে তা সমাপ্তিতে বিলম্ব হচ্ছে। অর্থ ছাড়ে বিলম্ব হওয়াতেও কাজ বাধাগ্রস্ত হচ্ছে। কাজ শুরু করতে বিলম্ব হওয়ায় মেয়াদ বৃদ্ধি করে সেপ্টেম্বর, ২০২০ পর্যন্ত করা হয়েছে।

সার্কিট হাউজ, দিনাজপুরঃ

টাইপ-১ ক্যাটাগরির ভবন হিসেবে তৃতীয় তলাতে ৬টি সাধারণ, ২টি ভিআইপি ও একটি ওয়েটিং রুম করা হচ্ছে। সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, স্টোররুম, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা-জানালা ফ্রেম ও জানালা লাগানোর কাজ সম্পন্ন হয়েছে। দরজা লাগানোর কাজ চলছে। বৈদ্যুতিক ও স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ বাকি আছে। সিঁড়ির মার্বেল ও রেলিং লাগানো শেষ। ৩য় তলা হস্তান্তর করার পর দোতলা ও নিচতলার মেরামত কাজ শুরু করা হবে। জেনারেটর, এসি, ট্রান্সফরমার, সোলার প্যানেল, গীজার ইত্যাদি বৈদ্যুতিক যন্ত্রপাতির কাজ এখনো বাকি আছে। অতিথিদের অসুবিধার কথা বিবেচনা করে কাজ বিভিন্ন সময় বন্ধ রাখার কারণে নির্মাণ কাজ সমাপ্তিতে বিলম্ব হয়েছে।

সার্কিট হাউজ, গাইবান্ধাঃ

সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, ওভারহেড ট্যাঙ্ক, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানা ও ফিটিংস লাগানোর কাজ, দরজা-জানালা ফ্রেম, দরজা, জানালা লাগানোর কাজ সম্পন্ন। প্রয়োজন অনুসারে দোতলার কিছু চৌকাঠ, জানালা ফ্রেম, দরজা, জানালা, ইলেকট্রিক ও স্যানিটারি ফিটিংস বদলানো হয়েছে ও প্লাস্টার মেরামত করা হয়েছে। ভিআইপি কক্ষ দুইটি বাদে অন্য কক্ষগুলোর টাইলস পরিবর্তন করা হয়েছে। পরবর্তীতে এই দুটি কক্ষের টাইলস পরিবর্তন করা হবে। নিচ তলায় প্লাস্টার ও রঙের কাজ সম্পন্ন হয়েছে। স্টোররুম করা হয়নি। সেপটিক ট্যাঙ্কের কাজ সম্পন্ন। সাবস্টেশন, পাম্প হাউজের কাজ বাকি আছে। ভবনটি টাইপ-১ ক্যাটাগরির।

সার্কিট হাউজ, সিরাজগঞ্জঃ

সিরাজগঞ্জ সার্কিট হাউজটি টাইপ-১ ক্যাটাগরির অর্থাৎ, ৬টি সাধারণ ও ২টি ভিআইপি কক্ষসহ মোট ৮টি নতুন রুম নির্মিত হচ্ছে। তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, ওভারহেড ট্যাঙ্ক, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানা, দরজা-জানালা ফ্রেম লাগানোর কাজ সম্পন্ন হয়েছে। দোতলা ও নিচতলার মেরামতের কাজ শুরু হয়নি। সিঁড়িতে মার্বেল লাগানোর কাজ বাকি আছে এবং বিদ্যমান রেলিং পরিবর্তন করা হবে না। ছাদের স্টোররুম ও চত্বরের পাম্প হাউজ নির্মাণ সম্পন্ন হয়েছে। পূর্বের সাব-স্টেশন রুম থাকায় নতুন করে সাব-স্টেশন নির্মাণ করা হচ্ছে না। জেনারেটর, এসি, ট্রান্সফরমার, সোলার প্যানেল, গীজার ইত্যাদি বৈদ্যুতিক যন্ত্রপাতির কাজ এখনো বাকি আছে। পূর্বেকার স্ট্রাকচার বেশ দুর্বল হওয়ার কারণে

দোতালার ছাদে শাটারিং ব্যবহার করে তৃতীয় তলার ছাদ ঢালাই দিতে হয়েছে। নিচের দুর্বল কাঠামোর উপরে নতুন কাঠামো তৈরী করার কারণে উপরের কাঠামোর উপযোগীতার মেয়াদ সীমিত হবে।

সার্কিট হাউজ, নাটোরঃ

টাইপ-১ ক্যাটাগরির ভবন হিসেবে তৃতীয় তলাতে ৬টি সাধারণ, ২টি ভিআইপি ও একটি ওয়েটিং রুম করা হচ্ছে। সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, স্টোররুম, ব্রিক ওয়র্ক, প্লাস্টার, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা-জানালা ফ্রেম লাগানোর কাজ সম্পন্ন। দরজা, জানালা, টাইলস, বৈদ্যুতিক ও স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ বাকি আছে। দোতালায় মেরামতের কাজ সম্পন্ন। নিচতলার কনফারেন্স রুমের রেনোভেশন সম্পন্ন হয়েছে। পাম্প হাউজ, সাব-স্টেশন রুম, সেপটিক ট্যাঙ্ক, ওয়াটার রিজার্ভারের কাজ বাকি আছে। পানিতে অত্যধিক আয়রন থাকায়, স্যানিটারি ফিটিংসগুলো নাটোরে খুব সহজেই নষ্ট হয়ে যায়। এমতাবস্থায় আয়রন ফিল্টার করার জন্য একটি প্ল্যান্ট করা যেতে পারে বলে মতামত পাওয়া যায়। এছাড়া বাড়তি অতিথির সাথে সজ্জা রেখে কর্মচারীদের সংখ্যা বৃদ্ধি ও তাদের উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে বলে মতামত পাওয়া যায়।

সার্কিট হাউজ, নারায়নগঞ্জঃ

টাইপ-২ ক্যাটাগরির ভবন হিসেবে তৃতীয় তলাতে ৪টি সাধারণ, ২টি ভিআইপি ও একটি ওয়েটিং রুম করা হচ্ছে। সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, ব্রিক ওয়র্ক, প্লাস্টার, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা-জানালা ফ্রেম লাগানোর কাজ সম্পন্ন। দরজা, জানালা, বৈদ্যুতিক ও স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ বাকি আছে। টাইলস লাগানোর কাজ চলছে। দোতালায় মেরামতের কাজ ও নিচতলার রেনোভেশন করা বাকি রয়েছে। পাম্প হাউজ, সাব-স্টেশন রুম নির্মাণ কাজ সম্পন্ন। সেপটিক ট্যাঙ্ক, ওয়াটার রিজার্ভারের কাজ বাকি আছে। ভবনের পূর্বকার কাঠামো দুর্বল থাকায় ছাদের স্টোর রুম নির্মাণ করা সম্ভব হয়নি।

সার্কিট হাউজ, নেত্রকোনাঃ

সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, জলছাদ, ওভারহেড ট্যাঙ্ক, ব্রিক ওয়র্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানা ও ফিটিংস লাগানোর কাজ, দরজা-জানালা ফ্রেম, দরজা, জানালা লাগানোর কাজ সম্পন্ন। তৃতীয় তলা হস্তান্তর করা হয়েছে। দ্বিতীয় তলার রেনোভেশনের কাজ চলছে। নিচতলার কনফারেন্স রুম ও ডাইনিং রুম সংস্কার করার কাজ সম্পন্ন। চিলেকোঠার পাশে স্টোররুম করা হয়নি। ভবনটি টাইপ-১ ক্যাটাগরির।

সার্কিট হাউজ, ময়মনসিংহঃ

ময়মনসিংহ সার্কিট হাউজটি ইউনিক ডিজাইনের। পূর্বকার ভবনটি ১ তলা ছিল এবং ৪টি সাধারণ কক্ষ এবং ২টি ভিআইপি কক্ষ ছিল। ডিপিপিতে দোতারা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণ করে নতুন আরও ৬টি কক্ষের সংস্থান আছে। পরিদর্শনে দেখা যায়, দোতারার কাজ সম্পন্ন অর্থাৎ দোতারার ছাদ ঢালাই, জলছাদ, ওভারহেড ট্যাঙ্ক, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানা ও ফিটিংস লাগানোর কাজ, দরজা-জানালা ফ্রেম, দরজা, জানালা লাগানোর কাজ সম্পন্ন। দেয়ালে রঙের পরিবর্তে ওয়ালপেপার ব্যবহার করা হয়েছে। সিঁড়ির মার্বেল ও রেলিং-এর কাজ শেষ।

সার্কিট হাউজ, বান্দরবানঃ

টাইপ-১ ক্যাটাগরির ভবন হিসেবে তৃতীয় তলাতে ৬টি সাধারণ, ২টি ভিআইপি ও একটি ওয়েটিং রুম করা হচ্ছে। সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা-জানালা ফ্রেম লাগানোর কাজ সম্পন্ন। দরজা, জানালা, বৈদ্যুতিক ও স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ বাকি আছে। দোতালায় মেরামতের কাজ ও নিচতলার রেনোভেশন করা বাকি রয়েছে। পাম্প হাউজ ও ওয়াটার রিজার্ভার পূর্বেই ছিল। সাব-স্টেশন রুম নির্মাণ কাজ সম্পন্ন। সেপটিক ট্যাঙ্কের কাজ চলছে। ছাদের স্টোর রুম নির্মাণ সম্পন্ন। ছাদে প্যাটেন্ট স্টোন ঢালাই করা হয়েছে। দোতারা ও নিচতলার মোজাইক, দরজা, জানালা অপসারণ করে নতুন টাইলস ও দরজা- জানালা লাগানো হবে।

সার্কিট হাউজ, সুনামগঞ্জঃ

সার্কিট হাউজের তৃতীয় তলার ছাদ ঢালাই, ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, টাইলস, স্যানিটারি ও বৈদ্যুতিক লাইন টানার কাজ, দরজা-জানালা ফ্রেম লাগানো, দরজা, জানালা, স্যানিটারি ফিটিংস লাগানোর কাজ সম্পন্ন। প্রয়োজন অনুসারে দোতারা ও নিচতলার সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। নিচতলার সভাকক্ষ ও ডাইনিং-এর সংস্কার ও ইনটেরিয়র ডেকোরেশনের কাজ করা হয়েছে। পাম্প হাউজ, সাব-স্টেশন রুম, সেপটিক ট্যাঙ্কের কাজ, বাউন্ডারি ওয়াল উঁচু করা, স্টোর রুম নির্মাণ সম্পন্ন। পুরাতন ওয়াটার রিজার্ভারের সাথে আরও নতুন একটি ওয়াটার রিজার্ভার তৈরি করা হবে। সাব-স্টেশন, জেনারেটর, পাম্প সংগ্রহ করা সম্পন্ন কিন্তু সংযোগ দেয়া হয়নি। ভিআইপি মেহমানদের অবস্থান করার কারণে ও অতিবৃষ্টির কারণে বেশ কিছু সময় কাজ বন্ধ রাখতে হয়। ফলে কাজে বিলম্ব হয়েছে।

(খ) ক্রয় কার্যক্রম

পরিদর্শন করা সাইটসমূহের পূর্তকাজের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে সবগুলো ক্ষেত্রেই দরপত্র আহ্বান করতে ডিপিপিতে উল্লেখিত সময় সীমার বেশি সময় লেগেছে। ১১টির ভেতর মাত্র ২টি ক্ষেত্রে নির্ধারিত সময়ের ভেতর চুক্তি সম্পাদন করা সম্ভব হয়েছে এবং ৩টি ক্ষেত্রে চুক্তির সময়সীমা ডিপিপির সময়সীমার মধ্যে ছিল। বাস্তবে প্রতিটি ক্ষেত্রেই কার্য সম্পাদন করতে নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগছে। মার্চ, ২০২০ পর্যন্ত কোথাও কার্য সম্পাদন সমাপ্ত হয়নি। প্রতিটি ক্ষেত্রেই চুক্তিমূল্য ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের চেয়ে কম। বিস্তারিত নিম্নে দেয়া হলঃ

ক্রম	প্যাকেজ নং	ডিপিপি অনুযায়ী				প্রকৃত				অগ্রগতি মার্চ, ২০২০	
		প্রাক্কলিত ব্যয় (লক্ষ)	ক্রয় পদ্ধতি	দরপত্র আহ্বান	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী সমাপ্তির সীমা	চুক্তিমূল্য (লক্ষ)	ক্রয় পদ্ধতি	দরপত্র আহ্বান		চুক্তি স্বাক্ষর
১	W-8 (কিশোরগঞ্জ)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৪.৪৫	ওটিএম	৪১-২১-১০	৩৩-২১-১০	৯০%
২	W-৭ (নারায়ণগঞ্জ)	৩৮২.১২	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.১২	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৩	W-১১ (ময়মনসিংহ)	৩৮২.১২	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৪২.১২	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৪	W-১২ (নেত্রকোনা)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৫	W-১৪ (বান্দরবন)	৪১৫.৫১	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৬	W-২৩ (নাটোর)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৭	W-২৫ (সিরাজগঞ্জ)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৮	W-২৬ (দিনাজপুর)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
৯	W-২৭ (গাইবান্ধা)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
১০	W-৩২ (ঠাকুরগাঁও)	৩৮২.১২	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%
১১	W-৩৮ (সুনামগঞ্জ)	৪০৬.৯৫	ওটিএম	৪১-৯০-১০	৪১-২১-১০	৩১-২১-১০	৩৫৬.৯৫	ওটিএম	৪১-১০-১০	০২-২০-১০	৯০%

ক্রয় কার্যক্রমের ব্যয় নির্ধারিত সীমার ভেতর থাকলেও তা নির্ধারিত সময়-সীমা অতিক্রম করেছে। ক্রয় পদ্ধতির ব্যয় কোথাও প্রতীয়মান হয়নি। প্রতিটি ক্ষেত্রেই ওটিএম (OTM) পদ্ধতিতে টেন্ডার করা হয়েছে।

ডিপিপি'র বছর-ওয়ারী ক্রয় পরিকল্পনা ও বাস্তব অগ্রগতির তুলনা

(লক্ষ টাকায়)

ক্রম	খাত	মোট ব্যয়	শুধুমাত্র ২০১৮-১৯ অর্থবছরে আর্থিক লক্ষ্যমাত্রা	শুধুমাত্র ২০১৮-১৯ অর্থবছরে অর্জিত আর্থিক অগ্রগতি	শুধুমাত্র ২০১৯-২০ অর্থবছরে আর্থিক লক্ষ্যমাত্রা	শুধুমাত্র ২০১৯-২০ অর্থবছরে অর্জিত আর্থিক অগ্রগতি
১।	রাজস্ব	২৭৩.০০	১৫৬.২০	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে	১১৬.০৭	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
২।	৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ	১০৮৩০.৯৬	৫৪১৫.৪৮	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	৫৪১৫.৪৮	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
৩।	বহিঃস্থ স্যানিটেশন ও পানি সরবরাহ	১৪৯০.২২	৪৪৭.০৭	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	৪৪৭.০৭	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
৪।	বহিঃস্থ বিদ্যুতায়ন	২৫১৬.০০	৭৫৪.৮০	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	৭৫৪.৮০	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
৫।	আরবরিকালচার	১১১.০০	২২.২০	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	২২.২০	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
৬।	আসবাবপত্র ও জিম সরঞ্জাম	১১৭৯.১০	২৩৫.৮২	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	২৩৫.৮২	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
৭।	ফিজিক্যাল কনট্রোল	৩২৮.০১	১৬৪.০১	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	১৬৪.০১	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
৮।	প্রাইস কনট্রোল	৩২৮.০১	১৬৪.০১	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।	১৬৪.০১	প্রকল্পের অগ্রগতির তথ্য অজ্ঞাভিত্তিক আকারে তৈরী না করায় ক্রয় পরিকল্পনার সাথে প্রকৃত অগ্রগতির তুলনা করা সম্ভবপর নয়।
	মোট=	১৭০৫৬.৩০	৭৩৫৯.৫৮	৪৬১৭.৮৭ (৬২.৭৫%)	৯৬৯৬.৭২ (২২.৯৮%)	২২২৭.৯০ (২২.৯৮%)

ডিপিপি'র বছর-ওয়ারী ক্রয় পরিকল্পনার বিপরীতে প্রকৃত অগ্রগতির তুলনায় দেখা যায়, ২০১৮-১৯ অর্থ বছরে ক্রয় পরিকল্পনার শতকরা ৬২.৭৫ ভাগ এবং ২০১৯-২০ অর্থবছরে মার্চ, ২০২০ পর্যন্ত ক্রয় পরিকল্পনার শতকরা ২২.৯৮ ভাগ বাস্তবায়িত হয়েছে।

কেইস স্টাডিঃ

বাংলাদেশের ৩৭টি জেলায় সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের ক্রয় কার্যক্রমের পদ্ধতিগত সঠিকতা যাচাই করার লক্ষে কিশোরগঞ্জ ও সিরাজগঞ্জ জেলার পূর্ত কাজের ক্রয় প্রক্রিয়া গভীরভাবে পরীক্ষা করা হয়।

এতে পাওয়া তথ্যসমূহ নিম্নরূপঃ

কিশোরগঞ্জ সার্কিট হাউজের পূর্তকাজ প্রকিউরমেন্ট

কিশোরগঞ্জের সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের জন্য উন্মুক্ত ও ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হয়। কার্যের এস্টিমেটেড মূল্য ছিল ৪১৬.৬৮ লক্ষ টাকা। দরপত্রের বিজ্ঞপ্তি দৈনিক ইনকিলাব ও নিউ এইজ পত্রিকায় ০৩/১২/২০১৮ তারিখে প্রকাশিত হয় ও তা সিপিটিইউতে প্রকাশিত হয়। দরপত্র দাখিলের শেষ তারিখ ছিল ২৩/১২/২০১৮। মোট ৬টি দরপত্র বিক্রয় হয় ও ৬টিই জমা পড়ে। দরপত্র উন্মুক্তকরণ কমিটি'তে ২ জন উপস্থিত ছিলেন এবং এদের ভেতর থেকে নিয়মানুসারে একজন দরপত্র মূল্যায়ন কমিটিতেও উপস্থিত ছিলেন। ৩১/০১/২০১৯ তারিখে দরপত্র মূল্যায়ন শেষ হয় এবং ৬টি দরপত্রই রেসপনসিভ হয়। দরপত্র জমা হওয়ার ৩০ দিনের মধ্যে তা মূল্যায়ন সম্পন্ন করার কথা থাকলেও মূল্যায়নে ৩৮ দিন সময় অতিক্রান্ত হয় যা বিধির ব্যত্যয়। সর্বনিম্ন টেন্ডারড মূল্য ছিল ৩৫৮.৪৬ লক্ষ টাকা। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সর্বনিম্ন দরদাতাকে NOA প্রদান করা হয় ০৩/০২/২০১৯ তারিখে। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ছিল ১৭/০৮/২০১৯। মার্চ, ২০২০ পর্যন্ত কাজের অগ্রগতি শতকরা ৮৫ ভাগ অর্থাৎ সম্পূর্ণ কাজ এখনো সমাপ্ত হয়নি।

সিরাজগঞ্জ সার্কিট হাউজের পূর্তকাজ প্রকিউরমেন্ট

সিরাজগঞ্জের সার্কিট হাউজের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের জন্য উন্মুক্ত ও ই-জিপি পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হয়। কার্যের এস্টিমেটেড মূল্য ছিল ৩৮৪.৬৯ লক্ষ টাকা। দরপত্রের বিজ্ঞপ্তি দৈনিক ইত্তেফাক ও দ্য ফাইন্যান্সিয়াল এক্সপ্রেস পত্রিকায় ০৬/১১/২০১৮ তারিখে প্রকাশিত হয় ও তা সিপিটিইউতে প্রকাশিত হয়। দরপত্র দাখিলের শেষ তারিখ ছিল ০৬/১২/২০১৮। মোট ৬টি দরপত্র বিক্রয় হয় ও ৬টিই জমা পড়ে। দরপত্র উন্মুক্তকরণ কমিটি'তে ২ জন উপস্থিত ছিলেন এবং এদের ভেতর থেকে নিয়মানুসারে একজন দরপত্র মূল্যায়ন কমিটিতেও উপস্থিত ছিলেন। ১৯/০২/২০১৯ তারিখে দরপত্র মূল্যায়ন শেষ হয় এবং ৬টি দরপত্রই রেসপনসিভ হয়। দরপত্র জমা হওয়ার ৩০ দিনের মধ্যে তা মূল্যায়ন সম্পন্ন করার কথা থাকলেও মূল্যায়নে ৭৩ দিন সময় অতিক্রান্ত হয় যা বিধির ব্যত্যয়। সর্বনিম্ন টেন্ডারড মূল্য ছিল ৩৪৬.২২ লক্ষ টাকা। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সর্বনিম্ন দরদাতাকে NOA প্রদান করা হয় ০৫/০৩/২০১৯ তারিখে। চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ ছিল ১৯/০৩/২০২০। মার্চ, ২০২০ পর্যন্ত কাজের অগ্রগতি শতকরা ৭৬ ভাগ অর্থাৎ সম্পূর্ণ কাজ এখনো সমাপ্ত হয়নি।

নির্মান কাজে ব্যবহৃত মালামালের গুণগত মানঃ

নির্মান কাজে ব্যবহৃত মালামালের গুণগত মান যাচাই-এর জন্য বিভিন্ন সাইট হতে রড, সিমেন্ট, বালু ও খোয়ার টেস্ট রিপোর্ট পরীক্ষা করে পাওয়া ফলাফল নিম্নরূপঃ

ক্রম	জেলা	তারিখ	ল্যাব	টেস্ট	ব্র্যান্ড	রেজাল্ট	মন্তব্য
১।	কিশোরগঞ্জ	০৯-০৪-১৯	বাকুবি	ডিফরমড এমএস বার রিবেন্ড টেস্ট	KSRM	সন্তোষজনক	
		০৯-০৪-১৯	বাকুবি	Testing of MS Rod- 400 Grade (Tensile Strength)	KSRM	20 mm dia- 670 MPa 16 mm dia- 655 MPa 12 mm dia- 660 MPa	460 MPa -এর অধিক যা গ্রহনযোগ্য।
২।	ময়মনসিংহ	২৪-০২-১৯	বাকুবি	Aggregate Crushing value of Stone Chips		22.86%	গ্রহনযোগ্য।
		০৫-০৩-১৯	বাকুবি	Testing of Cement	Fresh	IST- 100 mins FST- 380 mins CS-3days-2055 psi CS-7days-3042 psi	গ্রহনযোগ্য।
৩।	নাটোর	২৪-০২-১৯	বাকুবি	Testing of MS Rod- 400 Grade (Tensile Strength)		16 mm dia- 640 MPa 12 mm dia- 639 MPa 10 mm dia - 631 MPa	460 MPa -এর অধিক যা গ্রহনযোগ্য।
		২৪-০২-১৯	বাকুবি	Testing of Coarse Sand		FM- 2.88	গ্রহনযোগ্য।
		২০-০২-১৯	বাকুবি	Testing of Fine Sand		FM- 1.53	গ্রহনযোগ্য।
		০২-০৫-১৯	রুয়েট	ডিফরমড এমএস বার টেনসাইল স্ট্রেন্থ	Elite	20 mm dia- 658 MPa 16 mm dia- 720 MPa 12 mm dia- 673 MPa 10 mm dia - 633 MPa	460 MPa -এর অধিক যা গ্রহনযোগ্য।
		০২-০৫-১৯	রুয়েট	Aggregate Crushing value of Stone Chips		20.58%	গ্রহনযোগ্য।
		০২-০৫-১৯	রুয়েট	Sand		FM-2.28	গ্রহনযোগ্য।
৪।	সিরাজগঞ্জ	০২-০৫-১৯	রুয়েট	Cement		IST- 86 mins FST- 258 mins Water- 27.05% CS-7days-27.7 MPa	গ্রহনযোগ্য।
		২৬-০৬-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	Compressive Strength of Concrete with stone chips	Shah Cement	CS 28 days- 30.7 MPa	গ্রহনযোগ্য।

ক্রম	জেলা	তারিখ	ল্যাব	পলিটেকনিক	টেস্ট	ব্রান্ড	রেজাল্ট	মন্তব্য
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Resistance to abrasion of coarse aggregate by LAA test	Stone Chips	28%	গ্রহনযোগ্য।
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Fine Sand	Sc: Local	FM-1.23	গ্রহনযোগ্য।
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Coarse Sand	Sc: Sylhet	FM-2.58	গ্রহনযোগ্য।
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Cement	Shah Cement	IST- 86 mins FST- 258 mins Water- 27.05%	গ্রহনযোগ্য।
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Compressive strength using cube cement mortar		3 days- 12.4 MPa 7 days- 19.3 MPa 28 days- 26.4 MPa	গ্রহনযোগ্য।
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Water Absorption of Bricks		16.46%	গ্রহনযোগ্য।
		১৫-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Compressive strength of Bricks	SADDAF (1 st class)	19.92 MPa	গ্রহনযোগ্য।
		০৮-০৫-১৯	সিরাজগঞ্জ ইস্পাটিউট	পলিটেকনিক	Testing of MS Rod- 400 Grade (Tensile Strength)	Anwars	20 mm dia- 675 MPa 16 mm dia- 658 MPa 12 mm dia- 557 MPa 10 mm dia - 695 MPa	460 MPa -এর অধিক যা গ্রহনযোগ্য।
৫।	গাইবান্ধা	২১-১২-১৯	বুয়েট		Testing of MS Rod- 400 Grade (Tensile Strength)	Anwars	20 mm dia- 640 MPa 16 mm dia- 625 MPa 12 mm dia- 580 MPa 10 mm dia - 625 MPa	460 MPa -এর অধিক যা গ্রহনযোগ্য।
		২৫-১১-১৯	বুয়েট		সিমেন্ট	King Brand	CS 3 days-4330 psi CS 7 days- 5430 psi IST- 133 mins FST- 328 mins Water- 24%	গ্রহনযোগ্য।
		২৭-১১-১৯	বুয়েট		Coarse Sand	Sc: Sylhet	FM-2.67	গ্রহনযোগ্য।


ক্রম	জেলা	তারিখ	ল্যাব	টেস্ট	ব্র্যান্ড	রেজাল্ট	মন্তব্য
৬।	বান্দরবান	২০-০২-১৯	চুম্বেট	Testing of MS Rod- 400 Grade (Tensile Strength)	RSRM	16 mm dia- 620 MPa 12 mm dia- 609 MPa 10 mm dia - 624 MPa	460 MPa -এর অধিক যা গ্রহনযোগ্য।
		২০-০২-১৯	চুম্বেট	Coarse Sand		FM-3.0	গ্রহনযোগ্য।
		২১-০৯-১৯	চুম্বেট	Compressive Strength of CC Cylinder (2nd floor slab)		37.8 MPa	গ্রহনযোগ্য।
৭।	নেত্রকোনা	২০-০২-১৯	চুম্বেট	ACV test of Coarse Aggregate		12%	গ্রহনযোগ্য।
		২৮-০২-১৯	বাকুবি	Compressive strength of Bricks		CS-19.5 MPa	গ্রহনযোগ্য।
